# বার্ষিক প্রতিবেদন ২০২৪-২০২৫

বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

# বার্ষিক প্রতিবেদন
# ২০২৪-২০২৫


**প্রকাশক**
বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট (বিসিসিটি)
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**প্রকাশকাল**
নভেম্বর-২০২৫

**উপদেষ্টা**
গাজী মো: ওয়ালি-উল-হক
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)
বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট

**সম্পাদনা**
শেখ মনিরুজ্জামান, সচিব, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট

ও
আহ্বায়ক
বার্ষিক প্রতিবেদন প্রণয়ন কমিটি

**সহযোগী সম্পাদক**

ইঞ্জিঃ আহম্মদ শাহ, সহকারী পরিচালক (উন্নয়ন), বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট।
মোঃ ইউসুফ মেহেদী, সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট।
মোঃ মোস্তফা রায়হান, সহকারী পরিচালক (পরিবীক্ষণ-২), বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট।
মোঃ মোস্তফা কামাল, সহকারী পরিচালক (প্রশমন), বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট।




**গাজী মো: ওয়ালি-উল-হক**
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)
বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়


## মুখবন্ধ

জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবেলায় ২০০৯ সালে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন কৌশল ও কর্ম পরিকল্পনা ২০০৯ প্রণয়ন করা হয়। উক্ত কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য নিজস্ব তহবিল হতে গঠন করা হয়েছে জলবায়ু পরিবর্তন ট্রাস্ট তহবিল (সিসিটিএফ)। জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড হতে জলবায়ু পরিবর্তন কৌশল ও কর্মপরিকল্পনা, ২০০৯ এর ৬টি থিমেটিক এরিয়া অনুসারে স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী প্রকল্প গ্রহণ করা হয়ে থাকে। জলবায়ু পরিবর্তন ট্রাস্ট তহবিলটি সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে জলবায়ু পরিবর্তন ট্রাস্ট আইন, ২০১০ বলবৎ করা হয়েছে। জলবায়ু পরিবর্তন ট্রাষ্ট তহবিল পরিচালনার জন্য আইনের বিধান অনুযায়ী ১৭ সদস্য বিশিষ্ট একটি উচ্চক্ষমতা সম্পন্ন ট্রাস্টি বোর্ড গঠন করা হয়েছে এবং ট্রাস্টি বোর্ড-কে সহায়তা প্রদানের জন্য একটি কারিগরি কমিটি গঠন করা হয়েছে। ট্রাস্টি বোর্ড ও কারিগরি কমিটির সাচিবিক দায়িত্ব পালনসহ এ ফান্ডের যাবতীয় কার্যক্রম পরিচালনা করার জন্য বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট (বিসিসিটি) গঠন করা হয়েছে।

জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডে সরকারের রাজস্ব বাজেট হতে ২০২৪-২৫ অর্থবছরে ১০০.০ কোটি (একশত কোটি) টাকা বরাদ্দ প্রদান করা হয়। জলবায়ু পরিবর্তন ট্রাস্ট আইন-২০১০ এর বিধান অনুযায়ী জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডে বরাদ্দকৃত অর্থের মধ্যে ৬৬% জলবায়ু পরিবর্তন ট্রাস্টি বোর্ড কর্তৃক অনুমোদিত প্রকল্প/কর্মসূচি বাস্তবায়নে ব্যবহৃত হয় এবং ন্যূনতম ৩৪% স্থায়ী আমানত হিসেবে রাখার বাধ্যবাধকতা রয়েছে। সে প্রেক্ষিতে ২০২৪-২৫ অর্থবছরে বরাদ্দকৃত ১০০ কোটি টাকা হতে ৩৪% সমপরিমান অর্থাৎ ৩৪.০০ কোটি টাকা ট্রেজারি বিলে বিনিয়োগ করা হয়েছে এবং অবশিষ্ট ৬৬%এর সমপরিমান ৬৬.০০ কোটি টাকা প্রকল্প/কর্মসূচির অনুকূলে বরাদ্দ প্রদান করা হয়। ট্রাস্টি বোর্ড কর্তৃক জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে ২০২৪-২৫ অর্থবছরে ৩৬২.৪৬৮৮ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে ৪১টি প্রকল্প বাস্তবায়নের জন্য অনুমোদন করা হয়।

বিসিসিটির অর্থায়নে গৃহীত প্রকল্পসমূহের কার্যক্রমের মধ্যে উল্লেখযোগ্য হলো- জলবায়ু পরিবর্তন মোকাবেলায় নারীর অভিযোজন সক্ষমতা সৃষ্টি, বাংলাদেশের উপকূলীয় ম্যানগ্রোভ এবং টাইডাল সল্টমার্স ইকোসিস্টমের ব্লু কার্বন স্টক মূল্যায়ন এবং জলবায়ু পরিবর্তনের প্রতিক্রিয়া মূল্যায়ন, পলিথিনের বিকল্প পরিবেশবান্ধব পাটপণ্য ব্যবহারে সচেতনতা বৃদ্ধির নিমিত্ত পাটের তৈরী বাজারের ব্যাগ সরবরাহ, নদীর তীর প্রতিরক্ষামূলক কাজ, খাল খনন/ পুনঃখনন, জীব বৈচিত্র্য সংরক্ষণ, পরিবেশ ও জলবায়ু পরিবর্তন বিষয়ে গণসচেতনতা কার্যক্রম, কার্বন নিঃসরণের ক্ষতিকর প্রভাব হ্রাসকরণের লক্ষ্যে বৃক্ষ রোপণ এবং বনভূমি বনায়ন, পরিবর্তিত জলবায়ুর প্রতিকূল প্রভাব প্রশমনে অংশীদারিত্বের ভিত্তিতে কৃষক পর্যায়ে পেঁয়াজ সংরক্ষণের অভিযোজন, জলবায়ু পরিবর্তন সহনশীল জাত/প্রযুক্তি উদ্ভাবন ও বিভিন্ন পরিবেশ অঞ্চলে অভিযোজন ইত্যাদি গবেষণা প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে।

জলবায়ু পরিবর্তন ট্রাস্ট আইন, ২০১০ এর ১৮(৪) ধারা অনুযায়ী বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট (বিসিসিটি) কর্তৃক সম্পাদিত কার্যক্রমের বিবরণ সম্বলিত “বার্ষিক প্রতিবেদন: ২০২৪-২০২৫” বিগত বছরের ন্যায় এ বছরও প্রণয়ন করা হয়েছে। এ মহতী উদ্যোগে আমি জলবায়ু পরিবর্তন বিষয়ক ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান এবং পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী, ট্রাস্টি বোর্ডের মাননীয় সদস্যবৃন্দ, ট্রাস্টি বোর্ডের সদস্য-সচিব এবং কারিগরি কামিটির সকল সদস্যগণকে যাঁরা জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের আওতায় প্রকল্প যাচাই-বাছাই কার্যক্রমে তাঁদের মেধা ও শ্রম দিয়ে বিসিসিটিকে বিশেষভাবে সহায়তা করছেন। এছাড়াও বিসিসিটির সকল সহকর্মী তাদের অক্লান্ত পরিশ্রম ও মেধাশক্তি ব্যয়ের মাধ্যমে সঠিক তথ্য-উপাত্ত সম্বলিত এই প্রতিবেদন প্রকাশে সার্বিক সহযোগিতা করাই তাদের সকলকে আন্তরিক ধন্যবাদ জানাই। আমি বিশ্বাস করি বার্ষিক প্রতিবেদনের মাধ্যমে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের সার্বিক কার্যক্রমে আরও অধিক স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

(গাজী মো: ওয়ালি-উল-হক)

# বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট (বিসিসিটি)
# পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

## ভূমিকা:

বাংলাদেশে গত দুই দশক ধরে জলবায়ু পরিবর্তনের প্রভাব সুস্পষ্ট। ভৌগোলিক কারণে বাংলাদেশ সব সময়ই দুর্যোগপ্রবণ দেশ, এর পাশাপাশি বৈশ্বিক উষ্ণায়ন দুর্যোগের তীব্রতা বাড়িয়ে দিয়েছে। বিশেষ করে তীব্র তাপ দাহ, সামুদ্রিক ঘূর্ণিঝড়, বন্যা, খরা, উপকূলীয় এলাকায় লবণাক্ততা, নদী ভাঙন কিংবা বজ্রপাতের মতো প্রাকৃতিক দুর্যোগগুলো আশঙ্কাজনকভাবে বেড়ে গেছে। যার প্রভাব পড়ছে আমাদের স্বাভাবিক জীবনে। ক্রমবর্ধমান নগরায়ণ ও শিল্পায়নের ফলে প্রতিনিয়ত নষ্ট হচ্ছে পৃথিবীর জলবায়ুর স্বাভাবিক আচরণ ও প্রাকৃতিক ভারসাম্য। বাংলাদেশ জলবায়ু পরিবর্তনের ক্ষতিকর প্রভাবের নির্দোষ শিকার।

বৈশ্বিক জলবায়ু ঝুঁকি সূচক ২০২৫ অনুযায়ী জলবায়ু ঝুঁকির দিক থেকে বাংলাদেশের অবস্থান শীর্ষ দশে রয়েছে। গত ২০ বছরে বাংলাদেশে ১৮৫টি জলবায়ু পরিবর্তনজনিত বড় দুর্যোগ আঘাত হেনেছে। এর মধ্যে বন্যা, ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস, পাহাড়ধসের মতো দুর্যোগ রয়েছে। জলবায়ু পরিবর্তনের কারণে বন্যা ঝুঁকিতে থাকা দেশগুলোর মধ্যে বাংলাদেশের অবস্থান প্রথম। বাংলাদেশের নিম্নাঞ্চল পৃথিবীর বৃহত্তম নদীর মোহনায় গঠিত হওয়ায় প্রাকৃতিক দুর্যোগ কবলিত হওয়ার প্রবণতা বেশি। অধিকন্তু, এই ভূ-খন্ড এশিয়ার বৃষ্টিবহুল এলাকা দ্বারাও পরিবেষ্টিত। এ দেশের ৬০ শতাংশ ভূমি সমুদ্রপৃষ্ঠ হতে মাত্র ৫ মিটার উচ্চতায়। HCCPR (Headley Center for Climate Prediction and Research) এর প্রাক্কলন অনুযায়ী বাংলাদেশে সমুদ্রপৃষ্ঠের উচ্চতা ২০৮০ সাল নাগাদ ৪০ সেন্টিমিটার (১৫ ইঞ্চি) বৃদ্ধি পাবে (Streatfield, ২০১৮)।

জলবায়ু পরিবর্তনের বিষয়টিকে দেশের উন্নয়ন পরিকল্পনার ক্ষেত্রে অন্যতম গুরুত্বপূর্ণ বিষয় হিসাবে স্বীকৃতি দিয়েছে। যার ধারাবাহিকতায় ২০০৯-১০ সালে জলবায়ু পরিবর্তন ট্রাষ্ট ফান্ড গঠন করা হয়। এই তহবিল সুষ্ঠুভাবে পরিচালনার জন্য জলবায়ু পরিবর্তন ট্রাস্ট আইন, ২০১০ বলবৎ করা হয়। বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাষ্ট (BCCT), জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবেলায় সক্ষম বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে BCCSAP-2009 এর বিভিন্ন থিমেটিক এরিয়া অনুযায়ী প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নে সহায়তা করার মাধ্যমে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। বিসিসিটির কার্যক্রমের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে এবং জলবায়ু পরিবর্তন ট্রাস্ট আইনের বাধ্যবাধকতা থেকে প্রতি বছরের ন্যায় এ বছরও বার্ষিক প্রতিবেদন প্রকাশের উদ্যোগ গ্রহণ করেছে। বার্ষিক প্রতিবেদন প্রকাশের মাধ্যমে এ কার্যালয়ের বিগত ২০২৪-২৫ অর্থ বছরের কার্যক্রম ও উন্নয়নের ধারাবাহিকতা তুলে ধরার প্রয়াস নেয়া হয়েছে।

জলবায়ু পরিবর্তন ট্রাস্ট আইন, ২০১০ এর ১৮(৪) ধারার বিধান অনুসারে "বার্ষিক প্রতিবেদন ২০২৪-২৫" প্রকাশের লক্ষ্যে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট (বিসিসিটি) কর্তৃক 'বার্ষিক প্রতিবেদন প্রণয়ন কমিটি' (**পরিশিষ্ট-১**) গঠন করা হয়। এ কার্যালয়ের প্রতিটি অধিশাখা হতে সর্বশেষ অর্থ বছরে সম্পাদিত কাজের বিবরণ সংগ্রহ করে বিবরণসমূহ সংকলন ও পরিমার্জনক্রমে "বার্ষিক প্রতিবেদন ২০২৪-২৫" এর খসড়া চূড়ান্ত করা হয়।

এ প্রতিবেদনে মূলত ২০২৪-২৫অর্থ বছরে বিসিসিটির তিনটি অধিশাখা যথা- প্রশাসন ও অর্থ, পরিকল্পনা, উন্নয়ন ও নেগোসিয়েশন এবং পরিবীক্ষণ ও মূল্যায়নের আওতায় সম্পাদিত উল্লেখযোগ্য কার্যক্রম উপস্থাপন করা হয়েছে।

## ১.০ বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট (বিসিসিটি) পরিচিতি:

বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের আওতাধীন একটি সংবিধিবদ্ধ সংস্থা। জলবায়ু পরিবর্তন ট্রাস্ট আইন-১০ এর ধারা ৩ মোতাবেক ২৪ জানুয়ারি, ২০১৩ তারিখে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট (বিসিসিটি) গঠন করা হয়েছে। বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট জলবায়ু পরিবর্তন ট্রাস্ট আইন, ২০১০ এর আওতায় গঠিত জলবায়ু পরিবর্তন ট্রাস্টি বোর্ড এবং কারিগরি কমিটির সাচিবিক দায়িত্ব পালনসহ এ ট্রাস্ট ফান্ডের অন্যান্য কার্যক্রম সম্পাদন করে আসছে। বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের কার্যক্রম পরিচালনার জন্য অতিরিক্ত সচিব পদমর্যাদার একজন ব্যবস্থাপনা পরিচালক ট্রাস্টের সার্বক্ষণিক মুখ্য নির্বাহী কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করছেন।

**১.১ ট্রাস্টের লক্ষ্য:**

(ক) জলবায়ু পরিবর্তনের ফলে ক্ষতিগ্রস্থ ও ঝুঁকিপূর্ণ অঞ্চলের জনসাধারণে বা জনগোষ্ঠীর খাপ খাওয়ানোর সক্ষমতা বৃদ্ধি, জীবন-জীবিকার মানোন্নয়ন ও দীর্ঘমেয়াদি ঝুঁকি মোকাবেলায় প্রয়োজনীয় পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন কার্যক্রম গ্রহণ করা;

(খ) জলবায়ু পরিবর্তন জনিত কারণে মানুষ, জীববৈচিত্র্য ও প্রকৃতির উপর বিরুপ প্রভাব মোকাবেলায় অভিযোজন, প্রশমন, প্রযুক্তি উন্নয়ন ও হস্তান্তর, সক্ষমতা বৃদ্ধি এবং অর্থের ব্যবস্থা গ্রহণ করার বা করার পক্ষে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা।

**১.২ ট্রাস্টের উদ্দেশ্য:**

(ক) সরকারের উন্নয়ন ও অনুন্নয়ন বাজেটের বাইরে বিশেষ ক্ষেত্র হিসেবে জলবায়ু পরিবর্তনজনিত ঝুঁকি মোকাবেলায় এ ট্রাস্ট তহবিল ব্যবহার;
(খ) জলবায়ু পরিবর্তন সম্পর্কিত বিশেষ কর্মসূচি বাস্তবায়ন ও টেকসই উন্নয়ন নিশ্চিত করার লক্ষ্যে উপযুক্ত কর্মপরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন;

(গ) জলবায়ু পরিবর্তন মোকাবেলায় তৃণমূল পর্যায়ে স্থানীয় জনগোষ্ঠীর প্রাতিষ্ঠানিক, সামাজিক সক্ষমতা বৃদ্ধি ও মানব সম্পদ উন্নয়ন সংক্রান্ত প্রকল্প বা কর্মসূচি গ্রহণ;

(ঘ) জলবায়ু পরিবর্তন মোকাবেলায় অভিযোজন (Adaptation), প্রশমন, (Mitigation), প্রযুক্তি হস্তান্তর (Technology Transfer), এবং অর্থ বিনিয়োগ (Finance & Investment) এর ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবহারিক গবেষণা এবং গবেষণালব্ধ ফলাফলের আলোকে উপযুক্ত বিস্তারসহ পাইলট কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন;

(ঙ) পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ে স্থাপিত জলবায়ু পরিবর্তন ইউনিট (Climate Change Unit) সহ বিভিন্ন মন্ত্রণালয় এবং পরিবেশ অধিদপ্তরে গঠিত জলবায়ু পরিবর্তন সংক্রান্ত জলবায়ু সেল (Climate Change Cell) বা ফোকাল পয়েন্ট (Focal Point) –কে কার্যকর ভূমিকা রাখিতে সহায়তা করা;

(চ) জলবায়ু পরিবর্তনের ফলে সৃষ্ট সম্ভাব্য পরিবেশ বিপর্যয় সম্পর্কে জনসচেতনতা সৃষ্টি ও বিপর্যয় মোকাবেলার জন্য প্রাতিষ্ঠানিক, সামাজিক বা স্থানীয় জনগোষ্ঠীর সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে দারিদ্র বিমোচনের লক্ষ্যে উপযুক্ত কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নে সহায়তা করা;

**১.৩ বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের কার্যাবলী:**

(ক) বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ও ফান্ডের সার্বিক ব্যবস্থাপনা;

(খ) বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট আইন, ২০১০- এর আওতায় গঠিত ট্রাস্টি বোর্ড এবং কারিগরি কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান;

(গ) কারিগরি কমিটি ও ট্রাস্টি বোর্ড-এর সিদ্ধান্তসমুহ বাস্তবায়ন;

(ঘ) ট্রাস্টের লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নের নিমিত্ত বিভিন্ন প্রকল্প/কর্মসূচিসহ যাবতীয় কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন;

(ঙ) জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে বাস্তবায়নাধীন প্রকল্পের পরিবীক্ষণ ও মূল্যায়ন কার্যক্রম গ্রহণ;

(চ) ট্রাস্টের সকল স্থাবর-অস্থাবর সম্পত্তি রক্ষণাবেক্ষণ ও হেফাজতকরণ;

(ছ) ট্রাস্টের তহবিলের জন্য অর্থ সংগ্রহ, সংরক্ষণ ও বিনিয়োগ সংক্রান্ত যাবতীয় কার্য;


(জ) জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে সরকারি/ বেসরকারি/স্বায়ত্তশাসিত বিভিন্ন বিশ্ববিদ্যালয়/সংস্থার সাথে যৌথভাবে (Collaboration-এর মাধ্যমে) গবেষণা, প্রশিক্ষণ ও উচ্চ শিক্ষার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন; এবং

(ঝ) ট্রাস্টকে জলবায়ু পরিবর্তন-বিষয়ক জ্ঞান-গবেষণা ও সম্পদ ব্যবস্থাপনা (Resource Mobilization)-এর কেন্দ্রবিন্দু হিসাবে প্রতিষ্ঠা করা।

## ১.৪ বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের অর্গানোগ্রাম এবং লোকবলের বিবরণঃ

জলবায়ু পরিবর্তন ট্রাস্ট আইন, ২০১০ অনুযায়ী বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট পরিচালনার জন্য অতিরিক্ত সচিব পদ মর্যাদার একজন ব্যবস্থাপনা পরিচালক রয়েছেন এবং তিনি ট্রাস্টের সার্বক্ষণিক মুখ্য নির্বাহী কর্মকর্তা হিসেবে নিয়োজিত আছেন। এছাড়াও যুগ্ম-সচিব পদমর্যাদার একজন উপ-ব্যবস্থাপনা পরিচালক, একজন সচিব ও ৩ (তিন) জন পরিচালক রয়েছেন। বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের অর্গানোগ্রামে মোট ১৫০ জন কর্মকর্তা/কর্মচারীর সংস্থান রয়েছে। বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের কর্মরত কর্মকর্তা/কর্মচারী পরিসংখ্যান নিম্নরূপঃ

| গ্রেড | অনুমোদিত জনবল | কর্মরত | শূন্যপদ |
|---|---|---|---|
| ১ম শ্রেণী (গ্রেড ২ হতে ৯) | ৩৯ | ১৪ | ২৫ |
| ২য় শ্রেণী (গ্রেড ১০) | ১৩ | ০১ | ১২ |
| ৩য় শ্রেণী (গ্রেড ১১ হতে ১৬) | ৪৮ | ১৯ | ২৯ |
| ৪র্থ শ্রেণী (গ্রেড ১৭ হতে ২০) | ৫০ | ২৩ | ২৭ |
| মোট: | ১৫০ | ৫৭ | ৯৩ |




## ১.৫ বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টে ০৩টি অধিশাখার বিবরণ:

বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টে ০৩টি অধিশাখা রয়েছে। অধিশাখাসমূহ নিম্নরূপ;

**(১.৫.১) প্রশাসন ও অর্থ অধিশাখা:** বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের ৩টি অধিশাখার মধ্যে 'প্রশাসন ও অর্থ' অধিশাখা অন্যতম। 'প্রশাসন ও অর্থ' অধিশাখার প্রধান হচ্ছেন সচিব যিনি সরকারের উপসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা। 'প্রশাসন ও অর্থ' অধিশাখায় মোট ৪০ জন জনবলের সংস্থান রয়েছে। সচিব, বিসিসিটি এর অধীনে ১ (এক) জন মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, ২ (দুই) জন সহকারী পরিচালক, ১ (এক) জন নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা, ব্যবস্থাপনা পরিচালকের একান্ত সচিবসহ বর্তমানে ৩১ জন কর্মরত রয়েছেন। 'প্রশাসন ও অর্থ' উল্লেখযোগ্য কার্যক্রম হলো;

- জলবায়ু পরিবর্তন ট্রাস্টের প্রশাসন ব্যবস্থাপনা;
- পরিবহন ব্যবস্থাপনা;
- বাজেট প্রণয়ন ও ব্যবস্থাপনা;
- বিভিন্ন বিল প্রদান;
- বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড ব্যবস্থাপনা;
- স্থায়ী আমানত ব্যবস্থাপনা;
- অনুমোদিত প্রকল্পের অনুকূলে অর্থছাড়করণ ;
- আইটি সংক্রান্ত যাবতীয় কাজ।

**(১.৫.২) পরিকল্পনা ও উন্নয়ন অধিশাখা:** বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টে 'পরিকল্পনা, উন্নয়ন ও নেগোসিয়েশন' নামে একটি পৃথক অধিশাখা রয়েছে। এ অধিশাখায় পরিচালক (পরিকল্পনা, উন্নয়ন ও নোগোসিয়েশন) এর অধীনে ২ জন উপ-পরিচালক এবং ৫ জন সহকারী পরিচালক রয়েছে। বর্তমানে এ অধিশাখায় পরিচালক হিসেবে কর্মরত রয়েছেন সরকারের একজন উপ-সচিব পদমর্যাদা সম্পন্ন একজন কর্মকর্তা। পরিকল্পনা, উন্নয়ন ও নোগোসিয়েশন অধিশাখার উল্লেখযোগ্য কার্যক্রম হলো;

- বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ হতে প্রাপ্ত প্রকল্প প্রস্তাবের সার্বিক ব্যবস্থাপনা;
- কারিগরি সাব কমিটি, কারিগরি কমিটি ও ট্রাস্টি বোর্ড-কে সাচিবিক সহায়তা প্রদান;
- ট্রাস্টি বোর্ড কর্তৃক অনুমোদিত প্রকল্পের সার্বিক ব্যবস্থাপনা;
- জলবায়ু পরিবর্তন বিষয়ক বিভিন্ন কর্মসূচি/প্রকল্প প্রণয়ন ও গ্রহণ;
- পরিকল্পনা সংক্রান্ত বিভিন্ন মতামত তৈরি ও প্রেরণ।
- জলবায়ু পরিবর্তন সংশ্লিষ্ট জাতীয়/আন্তর্জাতিক নেগোশিয়েশন সংক্রান্ত যাবতীয় কাজ;
- বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের জলবায়ু পরিবর্তন সেল (Climate Change Cell) বা ফোকাল পয়েন্ট (Focal Point)-কে কার্যকর করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;
- সরকারের অর্থায়ন ব্যতীত অন্যান্য উৎস হতে অর্থ সংগ্রহের উদ্দেশ্যে প্রয়োজনে সরকারের অনুমোদন সাপেক্ষে বিভিন্ন দাতা দেশ বা সংস্থার সাথে যোগাযোগ, অর্থায়ন প্রাপ্তির উদ্যোগ ও পদক্ষেপ গ্রহণ;
- কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন;

**(১.৫.৩) পরিবীক্ষণ ও মূল্যায়ন অধিশাখা:** বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টে '**পরিবীক্ষণ ও মূল্যায়ন অধিশাখা**' নামে একটি পৃথক অধিশাখা রয়েছে। বর্তমানে এ অধিশাখায় পরিচালক (পরিবীক্ষণ ও মূল্যায়ন) হিসেবে কর্মরত রয়েছেন সরকারের একজন উপ-সচিব পদমর্যাদা সম্পন্ন একজন কর্মকর্তা। এ অধিশাখায় পরিচালক এর অধীনে ২ জন উপ-পরিচালক এবং ৪ জন সহকারী পরিচালক রয়েছে। পরিবীক্ষণ ও মূল্যায়ন অধিশাখার উল্লেখযোগ্য কার্যক্রম হলো;

- জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে বাস্তবায়নাধীন/বাস্তবায়িত প্রকল্পের পরিবীক্ষণ ও মুল্যায়ন;
- পরিবীক্ষণ সংক্রান্ত কৌশল ও কর্মপরিকল্পনা প্রণয়ন ও প্রয়োগ;
- মূল্যায়ন সংক্রান্ত কৌশল ও কর্মপরিকল্পনা প্রণয়ন ও প্রয়োগ;
- মূল্যায়ন প্রতিবেদনের উপর ওয়ার্কসপ/সেমিনার আয়োজন;
- প্রকল্পের মনিটরিং সংক্রান্ত ডাটা বেইজ প্রণয়ন;
- প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা সংক্রান্ত যাবতীয় কাজ;
- পরিবীক্ষণ ও মূল্যায়ন সম্পর্কিত বিভিন্ন টিম গঠন, প্রকল্প এলাকায় প্রেরণ এবং বিভিন্ন টিমের সাথে সমন্বয় সাধন;
- পরিবীক্ষণ ও মূল্যায়ন সম্পর্কিত একটি সমন্বিত প্রতিবেদন প্রনয়ণ ও ট্রাস্টি বোর্ড সভায় উপস্থাপন;
- প্রকল্পের পরিবীক্ষণ ও মুল্যায়ন সংক্রান্ত হালনাগাদ তথ্য উপস্থাপন;
- প্রকল্পের মনিটরিং প্রতিবেদন যাচাই বাছাই করে পরবর্তী প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহন
- প্রকল্পের সুষ্টু বাস্তবায়নে উদ্ভুত সমস্যা চিহ্নিত করে বাস্তবায়নকারী সংস্থার সাথে সমন্বয় সাধনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন।
- বিভিন্ন প্রকল্প সম্পর্কে বিশেষজ্ঞ/সুশীল সমাজ/ উপকারভোগীদের মতামত গ্রহন;
- ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন;

**(১.৫.৪) গবেষণা ও নেগোসিয়েশন অধিশাখা:** বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টে 'গবেষণা ও নেগোসিয়েশন' নামে একটি পৃথক অধিশাখা রয়েছে। এ অধিশাখায় পরিচালক (গবেষণা ও নোগোসিয়েশন) এর অধীনে ২ জন উপ-পরিচালক এবং ৩ জন সহকারী পরিচালক রয়েছে। পরিকল্পনা, উন্নয়ন ও নোগোসিয়েশন অধিশাখার উল্লেখযোগ্য কার্যক্রম হলো;

- জলবায়ু পরিবর্তন সম্পর্কিত যাবতীয় গবেষণার কাজ;
- জলবায়ু পরিবর্তন সংশ্লিষ্ট জাতীয়/আন্তর্জাতিক নেগোশিয়েশন সংক্রান্ত যাবতীয় কাজ;
- জলবায়ু পরিবর্তনজনিত কারণে মানুষ, জীববৈচিত্র্য ও প্রকৃতির উপর বিরূপ প্রভাব মোকাবেলায় অভিযোজন, প্রশমন, প্রযুক্তি উন্নয়ন ও হস্তান্তর, সক্ষমতা বৃদ্ধি এবং অর্থের ব্যবস্থা গ্রহণ করা বা করার পক্ষে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ।
- জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড হতে ফেলোশীপ/ইন্টার্নশিপ প্রদান সংক্রান্ত কাজ;
- জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে প্রশিক্ষণ সংক্রান্ত যাবতীয় কাজ;
- বিভিন্ন মন্ত্রণালয়/সংস্থায় গবেষণা ও নেগোশিয়েশন সংক্রান্ত প্রেরিতব্য মতামত/প্রতিবেদন প্রণয়ন;
- বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের জলবায়ু পরিবর্তন সেল (Climate Change Cell) বা ফোকাল পয়েন্ট (Focal Point)-কে কার্যকর করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;

- সরকারের অর্থায়ন ব্যতীত অন্যান্য উৎস হতে অর্থ সংগ্রহের উদ্দেশ্যে প্রয়োজনে সরকারের অনুমোদন সাপেক্ষে বিভিন্ন দাতা দেশ বা সংস্থার সাথে যোগাযোগ, অর্থায়ন প্রাপ্তির উদ্যোগ ও পদক্ষেপ গ্রহণ;
- জলবায়ু পরিবর্তন বিষয়ক এবং অনুমোদিত প্রকল্প বা কর্মসূচীর সমস্যা নিরসন ও এ লক্ষ্যে জ্ঞান এবং অভিজ্ঞতা বিনিময়ের জন্য বিভিন্ন সেমিনার, সিম্পোজিয়াম বা ওয়ার্কসপ আয়োজনের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
- কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন;

## ২.০ বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের আইনি/প্রাতিষ্ঠানিক কাঠামো:

### ২.১ আইন, নীতিমালা, বিধি ও গাইডলাইন:

- জলবায়ু পরিবর্তন ট্রাস্ট আইন, ২০১০
- জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড নীতিমালা, ২০১০
- জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে এনজিও/বেসরকারি প্রতিষ্ঠান নির্বাচন ও প্রকল্প বাস্তবায়ন নীতিমালা, ২০১০
- জলবায়ু পরিবর্তন ট্রাস্ট কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০১৮
- জলবায়ু পরিবর্তন ট্রাস্ট পরিচালনা প্রবিধানমালা, ২০১৩
- জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের আওতায় সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন, সংশোধন, বাস্তবায়ন, অর্থ অবমুক্তি এবং ব্যবহার নীতিমালা (সংশোধিত ২০২৫)
- স্থায়ী আমানত ব্যবস্থাপনা সংক্রান্ত গাইডলাইন-২০১৮
- জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে বাংলাদেশে জলবায়ু পরিবর্তনের কারণে অধিক ঝুকিঁপূর্ণ ও ক্ষতিগ্রস্থ এলাকায় প্রকল্প গ্রহণের জন্য গাইডলাইন-২০২৪।

**২.২ কারিগরি সাব কমিটি:** গত ০৪ জানুয়ারী, ২০২৩ খ্রি: তারিখে অনুষ্ঠিত কারিগরি কমিটির ৫৯তম সভার সিদ্ধান্ত মোতাবেক সভাপতি, কারিগরি কমিটি ও সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক ১৩ সদস্য বিশিষ্ট কারিগরি সাব-কমিটি গঠন করা হয়েছে **পরিশিষ্ট-২** । কমিটি বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা হতে প্রাপ্ত প্রকল্প প্রস্তাবসমুহ নির্ধারিত ম্যাট্রিক্স ব্যবহার করে যাচাই-বাছাই পূর্বক অভিযোজন, প্রশমন ও গবেষনা প্রস্তাবসমূহ পৃথক পৃথক ভাবে কারিগরি কমিটির সভায় উপস্থাপন করবে। সাব-কমিটি প্রস্তাবিত প্রকল্পের খাতসমূহের যথার্থতা যাচাইপূর্বক সংশোধন/ বিয়োজনের সুপারিশ করতে পারবে। কারিগরী কমিটির নিকট সুপারিশযোগ্য নয় এমন প্রস্তাবসমূহ সাব-কমিটির পর্যবেক্ষণ ও সুপারিশ না করার কারনসহ পৃথকভাবে দাখিল করবে।

### ২.৩ জলবায়ু পরিবর্তন বিষয়ক কারিগরি কমিটি:

ট্রাস্টি বোর্ডকে সহায়তা করার জন্য জলবায়ু পরিবর্তন ট্রাস্ট আইন, ২০১০ এর বিধান অনুযায়ী পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সচিবের নেতৃত্বে ১৩ সদস্য বিশিষ্ট একটি কারিগরি কমিটি গঠন করা হয়েছে। কারিগরি কমিটির গঠন **পরিশিষ্ট-৩** এ সন্নিবেশিত করা হলো। জলবায়ু পরিবর্তনের নেতিবাচক প্রভাব মোকাবোয় নীতিমালা অনুযায়ী নির্ধারিত ছকে সরকারি সংস্থার মাধ্যমে সুনির্দিষ্ট কোন প্রকল্প প্রস্তাব প্রেরণ করা হলে তা কাগিরি কমিটির সুপারিশক্রমে ট্রাস্টি বোর্ডে উপস্থাপন করা হয়। ট্রাস্টি বোর্ড কর্তৃক অনুমোদিত হলে ট্রাস্ট হতে উক্ত প্রকল্পসমূহের অনুকূলে অর্থছাড় করা হয়। বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট সরকারি বিভিন্ন সংস্থা হতে প্রাপ্ত প্রকল্প প্রস্তাবসমূহ প্রাথমিকভাবে যাচাই বাছাই করে (প্রকল্প প্রস্তাবের কার্যক্রম বাংলাদেশ জলবায়ু পরিবর্তন কৌশল ও কর্মপরিকল্পনা, ২০০৯-এর ৬ টি থিমেটিক এরিয়ার আওতায় ৪৪টি কর্মসূচি এবং ১৪৬ টি কার্যক্রম সংশ্লিষ্ট কি-না, প্রকল্পের ব্যয় ১৫ কোটি টাকায় সীমিত রাখা হয়েছে কি-না, নির্ধারিত ছকে প্রকল্প প্রস্তাব দাখিল করা হয়েছে কি-না, একই nature-এর কম্পোনেন্ট অন্তর্ভুক্ত করা হয়েছে কি-না ইত্যাদি) জলবায়ু পরিবর্তন বিষয়ক কারিগরি কমিটি সভায় উপস্থাপন করে থাকে। জলবায়ু পরিবর্তন বিষয়ক কারিগরি কমিটি জলবায়ু পরিবর্তনের নেতিবাচক প্রভাব মোকাবেলায় প্রকল্পের কার্যকারিতা ও যথার্থতা বিবেচনায় তা জলবায়ু পরিবর্তন বিষয়ক ট্রাস্টি বোর্ড সভায় উপস্থাপনের সুপারিশ করা হয়ে থাকে। উল্লেখ্য, জলবায়ু পরিবর্তন বিষয়ক কারিগরি কমিটিকে সহায়তা প্রদান করার জন্য ২টি সাব-কমিটি রয়েছে। করিগরি কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রকল্পসমূহ জলবায়ু পরিবর্তন বিষয়ক ট্রাস্টি বোর্ড সভায় উপস্থাপন করা হলে ট্রাস্টি বোর্ড প্রকল্পসমূহের গ্রহণযোগ্যতা বিবেচনায় তা চূড়ান্তভাবে বাস্তবায়নের জন্য অনুমোদন করে থাকে।

## ২.৪ জলবায়ু পরিবর্তন বিষয়ক ট্রাস্টি বোর্ড:

জলবায়ূ পরিবর্তন ট্রাস্ট ফান্ড সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সরকার কর্তৃক জলবায়ু পরিবর্তন ট্রাস্ট আইন, ২০১০ প্রণয়ন করা হয়। উক্ত আইনের ক্ষমতাবলে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর নেতৃত্বে ১১ জন মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী, মন্ত্রিপরিষদ সচিব, অর্থ সচিব, বাংলাদেশ ব্যাংকের গভর্নর, পরিকল্পনা কমিশনের একজন সদস্য ও সিভিল সোসাইটির দুই জন বিশেষজ্ঞসহ মোট ১৭ জন সদস্য নিয়ে একটি উচ্চ ক্ষমতা সম্পন্ন জলবায়ু পরিবর্তন বিষয়ক ট্রাস্টি বোর্ড গঠন করা হয়েছে। ট্রাস্টের সার্বিক কাজ পরিচালনা ও নিয়ন্ত্রণ করাই ট্রাস্টি বোর্ডের মূল কাজ। ট্রাস্টি বোর্ডের গঠন **পরিশিষ্ট-৪** এ সন্নিবেশিত করা হলো।

## ৩.০ ২০২৪-২৫ অর্থবছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলীঃ

## ৩.১ বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের ২০২৪-২৫ অর্থবছরের উল্লেখযোগ্য কার্যক্রম:


| ক্র: নং | কার্যক্রমের বিবরণ | মন্তব্য |
|---|---|---|
| ১ | জলবায়ু পরিবর্তন বিষয়ক ট্রাস্টি বোর্ডের সভা অনুষ্ঠিত হয় | ০৩টি |
| ২ | জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবেলায় সরকারি প্রকল্পে অর্থায়নের পরিমাণ | ৩৬২.৪৬৮৮ কোটি টাকা |
| ৩ | জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে ২০২৪-২৫অর্থবছরে গৃহীত প্রকল্পের সংখ্যা | ৪১টি |
| ৪ | গৃহীত প্রকল্পের অনুকূলে ২০২৪-২৫অর্থবছরে অর্থছাড়ের পরিমাণ | ১১৪.১৬৭০১৯১ কোটি টাকা |
| ৫ | ২০২৪-২৫অর্থবছরে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট হতে প্রকল্প কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা হয়েছে | ১০৭ টি |
| ৬ | জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে ২০২৪-২৫ অর্থবছরে সমাপ্ত প্রকল্প সংখ্যা | ৪৯টি |
| ৭ | জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে ২০২৪-২৫অর্থবছরে সমাপ্ত প্রকল্প মূল্যায়ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। | ৯০টি |
| ৮ | প্রকল্প পরিচালক, বাস্তবায়নকারী সংস্থা এবং মন্ত্রণালয়ের প্রতিনিধিদের সমন্বয়ে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের অগ্রগতি পর্যালোচনা সভার সংখ্যা | ০৪ টি |
| ৯ | জলবায়ু পরিবর্তন ট্রাস্ট আইন, ২০১০ অনুযায়ী স্থায়ী আমানত/বিনিয়োগ করা হয়েছে যার পরিমাণ | ৩৪.০ কোটি টাকা |
| ১০ | ট্রাস্ট পরিচালনার জন্য ট্রাস্টি বোর্ড কতৃর্ক ২০২৪-২৫ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে বরাদ্দের পরিমাণ | ৮৩৮.১০ লক্ষ (আট কোটি আটত্রিশ লক্ষ দশ হাজার) |
| ১১ | ট্রাস্ট পরিচালনার জন্য ট্রাস্টি বোর্ড কতৃর্ক ২০২৪-২৫ অর্থবছরের প্রাক্কলিত বাজেট হতে খরচের পরিমাণ | ৫৬৮.৯৭৭৫১ কোটি (পাঁচ কোটি আটষট্টি লক্ষ সাতানব্বই হাজার সাতশত একান্ন) টাকা |

## ৩.২ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট তহবিলে ২০২৪-২৫অর্থবছরে বরাদ্দ ও প্রাপ্ত অর্থের ব্যবস্থাপনাঃ

৩.২.১ জলবায়ু পরিবর্তনের নেতিবাচক প্রভাব মোকাবেলার জন্য সরকার কর্তৃক রাজস্ব বাজেট হতে জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডে ২০২৪-২৫ অর্থবছরে ১০০.০০ (একশত) কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। জলবায়ু পরিবর্তন ট্রাস্ট তহবিলে ২০২৪-২৫ অর্থবছর পর্যন্ত ৪০৫১.৭১৯৪৭ কোটি (চার হাজার একান্ন কোটি একাত্তর লক্ষ চুরানব্বই হাজার সাতশত) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। নিম্নে রাজস্ব বাজেট হতে প্রাপ্ত বছরভিত্তিক বরাদ্দের পরিমান প্রদান করা হলো;

**জলবায়ু পরিবর্তনজনিত ঝুঁকি ব্যবস্থাপনা তহবিল এর অনুকূলে এ পর্যন্ত প্রদত্ত অর্থবছর ওয়ারী বরাদ্দ এবং ব্যবহারের হিসাব:**

| অর্থবছর | রাজস্ব হতে বরাদ্দ প্রাপ্তি | বরাদ্দের ৩৪% অর্থের হিসেব | বরাদ্দের ৬৬% অর্থের হিসেব | মোট | স্থায়ী আমানতের মুনাফা প্রাপ্তি | অন্যান্য প্রাপ্তি | প্রকল্পে বরাদ্দ | অন্যান্য কর্মসূচিতে বরাদ্দ | প্রকল্পে অর্থছাড় |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ২০০৯-১০ | ৭০০ | ২৩৮.০ | ৪৬২.০ | ৭০০.০ | ৪.৮০১৬ | ০.০০০০ | ৩৫২.৩৮১৩ | ০ | ১৬.৭৪৩৯ |
| ২০১০-১১ | ৭০০ | ২৩৮.০ | ৪৬২.০ | ৭০০.০ | ১৬.৮২০২ | ০.০০০০ | ২৮৩.৬৩১৮ | ০.৫৬২৬৫ | ১১৮.৩৮১৩ |
| ২০১১-১২ | ৭০০ | ২৩৮.০ | ৪৬২.০ | ৭০০.০ | ৮৩.৭১৮৮ | ০.০০০০ | ৪৩৬.৬০১৪ | ০.৪৬৬৫১ | ২৭৩.৬৯৫১ |
| ২০১২-১৩ | ৪০০ | ১৩৬.০ | ২৬৪.০ | ৪০০.০ | ১১১.১০১৩ | ০.০০০০ | ৪১৫.৮৩৬৫ | ০.৪০৫৬ | ৩৫৫.১৫৭৬ |
| ২০১৩-১৪ | ২০০ | ৬৮.০ | ১৩২.০ | ২০০.০ | ১৬২.১৮১৬ | ০.০০০০ | ৩৯৪.৬৪১২ | ৩০.৩৯৭২ | ৩৮২.৫৫৪২ |
| ২০১৪-১৫ | ২০০ | ৬৮.০ | ১৩২.০ | ২০০.০ | ১৬৫.২১২৭ | ৭.৭১৩০ | ৩৫৪.২৮৪৯ | ৩০.৪২৪১ | ২৫১.২৭১০ |
| ২০১৫-১৬ | ১০০ | ৩৪.০ | ৬৬.০ | ১০০.০ | ১৫৩.০১১২ | ৮.৭৪৮৩৪৭৭ | ১৯৮.১৮৯৬ | ০.১৯১৩ | ৩১৬.৫৭১৯ |
| ২০১৬-১৭ | ১০০ | ৩৪.০ | ৬৬.০ | ১০০.০ | ১৪১.৪৭ | ১৭.৪০ | ১৯৯.৭৬৬৩ | ১৬.৪৭৫২ | ২৯৮.৯৯২৬ |
| ২০১৭-১৮ | ১০০ | ৩৪.০ | ৬৬.০ | ১০০.০ | ১০৯.৯০ | ১৩.১৪ | ১৯৪.৬০৯৪ | ১০.৬৬ | ২৪৬.২৩৬২ |
| ২০১৮-১৯ | ৩০০ | ১০২.০ | ১৯৮.০ | ৩০০.০ | ৮১.৫০ | ১৩.৪২ | ২৫৩.৫১৯৬ | ০.১৩০৮ | ২০৬.০১৭৮ |
| ২০১৯-২০ | ১৫২ | ১০২.০ | ৫০.০ | ১৫২.০ | ৮২.০০ | ৫.৪৭ | ২৪১.৬৪ | ২১.৩০৩৫ | ১৭৫.১২৮৭ |
| ২০২০-২১ | ৬৭.৩৪ | ৩৪.০ | ৩৩.৩ | ৬৭.৩ | ৯০.০০ | ৭.২১ | ৫৬.৬৫৬৬ | ২.৮৩ | ১২৮.৩৮৪০ |
| ২০২১-২২ | ৯৯.৩৮ | ৩৪.০ | ৬৫.৪ | ৯৯.৪ | ৮৮.০০ | ১১.৯১ | ২০৭.৯৪ | ৩.৮৩ | ১৭০.৫৬৮৫ |
| ২০২২-২৩ | ৫০ | ১৭.০ | ৩৩.০ | ৫০.০ | ১৫৯.৬৫ | ৩.৯০ | ১১৪.৪৭৯৭ | ৩.৫০৭৩৯ | ১৩৪.৯৬৭৮ |
| ২০২৩-২৪ | ৮৩ | ১৭.০ | ৬৬.০ | ৮৩.০ | ১২০.৮১ | ৪.৭০ | ৭৭.২ | ৪.০৭২৫৭ | ১৩৭.৮১৩৫ |
| ২০২৪-২৫ | ১০০ | ৩৪.০ | ৬৬.০ | ১০০.০ | ১০১.০০ | ৪.৩৯ | ৫০.৩১ | ৪.২৫১৩৪ | ১১৪.১৬৭০ |
| মোট | ৪০৫১.৭২ | ১৪২৮.০০ | ২৬২৩.৭২ | ৪০৫১.৭২ | ১৬৭১.১৭৯০ | ৯৭.৯৯৬৮ | ৩৮৩১.৬৮৮৩ | ১২৯.৫০৯৬ | ৩৩২৬.৬৫১৩ |




৩.২.২ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট আইন-২০১০ এর বিধান অনুযায়ী জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডে বরাদ্দকৃত অর্থের মধ্যে ৬৬% জলবায়ু পরিবর্তন ট্রাস্টি বোর্ড কর্তৃক অনুমোদিত প্রকল্প/কর্মসূচি বাস্তবায়নে ব্যবহৃত হয় এবং ন্যূনতম ৩৪% স্থায়ী আমানত হিসেবে রাখার বাধ্যবাধকতা রয়েছে। সে প্রেক্ষিতে ২০২৪-২৫অর্থবছরে বরাদ্দকৃত ১০০ কোটি টাকা হতে ৩৪% সমপরিমান অর্থাৎ ৩৪.০০ কোটি টাকা ট্রেজারি বিলে বিনিয়োগ করা হয়েছে এবং অবশিষ্ট ৬৬%এর সমপরিমান ৬৬.০০ কোটি টাকা প্রকল্প/কর্মসূচির অনুকূলে বরাদ্দ প্রদান করা হয়।

৩.২.৩ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড হতে ২০২৪-২৫ অর্থবছরে ২১৫ টি সরকারি প্রকল্পের অনুকূলে সর্বমোট ১১৪.১৬৭০১৯১ কোটি (একশত চৌদ্দ কোটি ষোল লক্ষ সত্তর হাজার একশত একানব্বই) টাকা ছাড় করা হয়েছে।

## ৩.৩ বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের বাজেট সংক্রান্ত তথ্যাদিঃ

৩.৩.১ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট আইন, ২০১০ এর ১৫(৫) ধারা অনুসারে ট্রাস্ট ফান্ড হতে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট পরিচালনার ব্যয় নির্বাহ করার বিধান রয়েছে। ট্রাস্টি বোর্ড কর্তৃক জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড হতে ট্রাস্টের অনুকূলে থোক বরাদ্দ প্রদান করা হয়। ২০২৪-২৫ অর্থবছর পর্যন্ত ট্রাস্টের ব্যয় নির্বাহের জন্য ১৬০.০ কোটি টাকা থোক বরাদ্দ করা হয়েছে। উক্ত অর্থ ব্যাংকে মেয়াদি আমানত হিসাবে জমা রেখে তার উপর অর্জিত সুদ হতে ট্রাস্ট পরিচালনার ব্যয় নির্বাহ করার সিদ্ধান্ত প্রদান করা হয়।

৩.৩.২ ট্রাস্ট পরিচালনার জন্য ট্রাস্টি বোর্ড কতৃর্ক ২০২৪-২৫ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে ৮৩৮.১০ লক্ষ (আট কোটি আটত্রিশ লক্ষ দশ হাজার) টাকা এবং সংশোধিত বাজেটে একই টাকার সংস্থান রাখা হয় এবং ট্রাস্ট পরিচালনার জন্য ২০২৪-২৫ অর্থবছরের প্রাক্কলিত বাজেট হতে ৫৬৮.৯৭৭৫১ কোটি (পাঁচ কোটি আটষট্টি লক্ষ সাতানব্বই হাজার সাতশত একান্ন) টাকা ব্যয় করা হয়েছে।

## ৩.৪ বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের অডিট সংক্রান্ত তথ্যাদিঃ

৩.৪.১ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড ব্যবহার নীতিমালার অনুচ্ছেদ ১০.১ এ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ২০১০ এর সংশ্লিষ্ট ধারা (সমূহ) অনুযায়ী বাংলাদেশ মহা হিসাব নিরীক্ষা ও নিয়ন্ত্রক প্রতি বছর প্রকল্পের নিরীক্ষা করবেন এবং নিরীক্ষা রিপোর্টের অনুলিপি সরকার ও বোর্ড এর নিকট পেশ করার বিধান রয়েছে। প্রকল্পের সার্বিক ও আর্থিক দায়ভার প্রকল্প পরিচালক/বাস্তবায়নকারী মন্ত্রণালয়/সংস্থার উপর বর্তাবে মর্মে উল্লেখ রয়েছে।

৩.৪.২ ২০২৪-২৫ অর্থবছরের ট্রাস্টের সম্পাদিত কাজের অডিট কার্যক্রম শুরু হয়নি। তবে সিএ ফার্ম দ্বারা ২০২৪-২৫ অর্থবছরের অডিট কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও ২০২৩-২৪ অর্থবছর পর্যন্ত বিসিসিটির অডিট কার্যক্রম সম্পাদন

করা হয়েছে। অডিট টিম কর্তৃক প্রাথমিকভাবে ১৪টি অডিট আপত্তি প্রদান করা হয়েছে। ১৪টি অডিট আপত্তির ব্রডশীট জবাব প্রদান করা হয়েছে যার কার্যক্রম চলমান রয়েছে।

৩.৫ **সমন্বয় সভাঃ** বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট কার্যালয়ের অভ্যন্তরীণ বিষয়, নথি ব্যবস্থাপনা, প্রকল্প মনিটরিং এবং প্রশাসন ও অর্থ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। ২০২৪-২৫ অর্থবছরে অত্র ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব) এর সভাপতিত্বে মোট ১২টি সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ থেকে বিভিন্ন সময়ে নির্দেশনা/মতামত/তথ্য চাওয়া হয়। এ সব নির্দেশনা/মতামত/তথ্য মাসিক সমন্বয় সভায় আলোচনা পূর্বক সিদ্ধান্ত গ্রহণক্রমে তা বাস্তবায়ন করা হয়।

### ৩.৬ কর্মশালার আয়োজন:

বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের দৈনন্দিন কাজে গতিশীলতা আনয়নের লক্ষ্যে কর্মকর্তা-কর্মচারীগণের জন্য ৫০ ঘন্টার অভ্যন্তরীণ প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে। নিম্নে ২০২৪-২৫ অর্থবছরে প্রশিক্ষণের বিস্তারিত বিবরণ তুলে ধরা হলো:

| ক্র: নং | প্রশিক্ষণ/কর্মশালার তারিখ | বিষয়বস্তুর বিবরণ | দিন | জনঘন্টা | অংশগ্রহণকারী |
|---|---|---|---|---|---|
| ১ | ১৯/০৯/২০২৪খ্রি: | “শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ” | ১ | ৭ | ৫৩ |
| ২ | ০১/১০/২০২৪খ্রি: | “জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে বাংলাদেশে জলবায়ু পরিবর্তনের কারণে ঝুঁকিপূর্ণ ও ক্ষতিগ্রস্থ এলাকায় প্রকল্প গ্রহণের জন্য প্রণিত গাইডলাইন, ২০২৪ অবহতিকরণ” | ১ | ৭ | ৫০ |
| ৩ | ২১/১০/২০২৪ | “Inventory Management System Simplification” | ১ | ৭ | ৫০ |
| ৪ | ২২/১০/২০২৪ | “অনলাইন রির্পোট ম্যানেজমেন্ট সিস্টেম (RMS) বিষয়ক প্রশিক্ষণ” | ১ | ৮ | ২৮ |
| ৫ | ১১/১১/২০২৪ | “পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট রুলস্ ২০০৮ অনুযায়ী মালামাল/দ্রবাদি ক্রয় ব্যবস্থাপনা” | ১ | ৮ | ২৩ |
| ৬ | ০৫/১২/২০২৪ | গোপনীয় অনুবেদন আনুশাসন ২০২০ অবহিতকরণ | ১ | ৮ | ১০ |
| ৭ | ১৭/১২/২০২৪ | “অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জি.আর.এস সফটওয়্যার | ১ | ৭ | ৫৩ |
| ৮ | ২৯/১২/২০২৪ | “স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে Artificial intelligence, Internet of Things (IOT) and Block Chain এর গুরুত্ব ও প্রয়োগ | ১ | ৮ | ২৩ |
| ৯ | ৩০/১২/২০২৪ | “এক ঠিকানায় সরকারি সেবা ‘মাইগভ’ প্ল্যাটফর্মের মাধ্যমে ডিজিটাইজেশন চিহ্নিতকরণ ও ডিজিটাইজেমন লক্ষ্যে সরকারি নাগরিক সেবা প্রদান” | ১ | ৭ | ২৮ |
| ১০ | ০৪/০৩/২০২৫ | “শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ-২” | ১ | ৭ | ৫৫ |
| ১১ | ০৬/০৩/২০২৫ | “Smart Bangladesh: Perspective Climate Change” | ১ | ৭ | ২৮ |
| ১২ | ২২/০৫/২০২৫ | “তথ্য অধিকার বিষয়ে অভ্যন্তরীণ প্রশিক্ষণ” | ১ | ৭ | ৫৩ |
| ১৩ | ২৪/০৫/২০২৫ | “অনলাইন রির্পোট ম্যানেজমেন্ট সিস্টেম (RMS) বিষয়ক দিনব্যাপী প্রশিক্ষণ” | ১ | ৪ | ২৮ |
| ১৪ | ১৯/০৬/২০২৫ | “স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে সাইবার নিরাপত্তার গুরুত্ব ও প্রয়োগ” | ১ | ৭ | ২৮ |
| ১২ | ২৬/০৬/২০২৫ | “সেবা প্রদান প্রতিশ্রুতি প্রশিক্ষণ” | ১ | ৭ | ২৮ |

## ৩.৭ বিশ্ব জলবায়ু সম্মেলনে (COP-29) অংশগ্রহণ:

United Nations Framework Convention on Climate Change (UNFCCC) এ স্বাক্ষরকারী সকল দেশের অংশগ্রহণে প্রতিবছর Conference of the Parties (COP-29) অনুষ্ঠিত হয়েছে, যা বিশ্ব জলবায়ু সম্মেলন নামে অভিহিত। বিগত ১১ নভেম্বর ২০২৩ হতে ২২ নভেম্বর ২০২৩ সময়ে আজারবাইজানের বাকু শহরে অনুষ্ঠেয় বিশ্ব জলবায়ু সম্মেলন (COP-29) অনুষ্ঠিত হয়েছে। উক্ত সম্মেলনে বাংলাদেশ প্রতি বছরের মতো জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে একটি প্যাভিলিয়ন স্থাপন করেছে। কপ-২৯ এ বাংলাদেশ প্যাভিলিয়ন স্থাপন করায় বিভিন্ন সাইড ইভেন্ট ও উচ্চ পর্যায়ের দ্বিপাক্ষিক সভা করা সহজতর হয়েছে। তাছাড়া উক্ত প্যাভিলিয়নে জলবায়ু পরিবর্তন বিষয়ে সাইড ইভেন্টের আয়োজন করা হয়েছে। বাংলাদেশ ডেলিগেশনের সাথে অত্র ট্রাস্টের ০২ জন প্রতিনিধি অংশগ্রহণ করেন। জলবায়ু পরিবর্তন ট্রাস্ট উক্ত সম্মেলনে বাংলাদেশের পক্ষে প্যাভিলিয়ন স্থাপন, সাইড ইভেন্ট আয়োজনসহ বাংলাদেশ প্রতিনিধি দলের লজিস্টিক সহায়তা প্রদান করেছে। বিসিসিটির পক্ষ থেকে প্যাভিলিয়নে ও সাইড ইভেন্টে আগত ডেলিগেটদের মাঝে ট্রাস্টের কার্যক্রম সম্বলিত প্রকাশনা বিতরণ করা হয়েছে। এছাড়া উক্ত সম্মেলন বাংলাদেশ প্যাভিলিয়নে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের কার্যক্রমের উপর প্রামাণ্য ভিডিও চিত্র প্রদর্শন করা হয়েছে।

## ৩.৮ তথ্য প্রযুক্তি কার্যক্রমঃ

**৩.৮.১** জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের আওতায় গৃহীত কার্যক্রমের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার জন্য এ কার্যালয়ের ওয়েবসাইটে (www.bcct.gov.bd) ২০২৪-২৫অর্থবছরে অনুমোদিত প্রকল্পের তালিকা, সিটিজেন চার্টার, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৪-২৫, শুদ্ধাচার কর্ম-কৌশল ও পরিকল্পনা ২০২৪-২৫, জলবায়ু সম্মেলন সংক্রান্ত তথ্য, ক্রয় সংক্রান্ত বিজ্ঞাপন, সভার নোটিশ ও আইন-বিধি প্রকাশ করা হয়েছে। এছাড়াও বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের কার্যক্রম এবং জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের আওতায় গৃহীত কার্যক্রমের তথ্য ওয়েবসাইটে প্রতিনিয়ত হালনাগাদ করা হয়।

**৩.৮.২** Bangladesh Climate Change Trust (URL:f/www.bcct.gov.bd) নামে ফেইসবুক পেইজে জলবায়ু পরিবর্তন ট্রাস্টের কার্যক্রম ও বিভিন্ন তথ্য নিয়মিত উপস্থাপন করা হয়। ২০২৪-২৫অর্থবছরে ফেইসবুক পেইজে বিসিসিটির অভ্যন্তরীণ প্রশিক্ষণ, প্রকল্পের কার্যক্রম পরিদর্শনের তথ্যাদি, ট্রাস্টি বোর্ড, কারিগরি কমিটির সভার তথ্য এবং জলবায়ু পরিবর্তন বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির ছবিসহ তথ্য প্রদান করা হয়েছে।

**৩.৮.৩** বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের কার্যক্রম সুষ্ঠুভাবে ব্যবস্থাপনার নিমিত্ত মানবসম্পদ ব্যবস্থাপনা এবং ট্রাস্টের হিসাব সংক্রান্ত (HR Mangagement & Accounting) Software চালু করা হয়েছে। ট্রাস্টের স্টোরের কার্যক্রমের সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য অনলাইন ইনভেন্টরি ম্যানেজমন্টে সিস্টেম চালু করা হয়েছে। ওয়েবসাইট লিঙ্ক (www.bcct.gov.bd)।

## ৩.৯ ২০২৪-২৫ অর্থবছরে ট্রাস্টি বোর্ড ও কারিগরি কমিটির অনুষ্ঠিত সভাঃ

৩.৯.১ ২০২৪-২৫ অর্থবছরে কারিগরি কমিটির ৫টি ও ট্রাস্টি বোর্ডের ৩টি সভা অনুষ্ঠিত হয়েছে। ২০২৪-২৫অর্থবছরে অনুষ্ঠিত ট্রাস্টি বোর্ড এবং কারিগরি কমিটির সভার বিবরণ নিম্নে তুলে ধরা হলোঃ

**২০২৪-২৫ অর্থবছরে অনুষ্ঠিত কারিগরি কমিটির সভার বিবরণঃ**

| ক্র.নং | সভা নং | সভার তারিখ | সভাপতি | সুপারিশকৃত নতুন প্রকল্প |
|---|---|---|---|---|
| ১. | ৬৫ তম সভা | ২৩ সেপ্টেম্বর ২০২৪ | ড. ফারহিনা আহমেদ<br>সচিব<br>পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | ০৩টি |
| ২. | ৬৬ তম সভা | ১৭ ফেব্রুয়ারী ২০২৫ | ড. ফারহিনা আহমেদ<br>সচিব<br>পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন | ১৩টি |

| ক্র.নং | সভা নং | সভার তারিখ | সভাপতি | সুপারিশকৃত নতুন প্রকল্প |
|---|---|---|---|---|
| ১. | ৬৫ তম সভা | ২৩ সেপ্টেম্বর ২০২৪ | ড. ফারহিনা আহমেদ<br>সচিব<br>পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | ০৩টি |
| | | | মন্ত্রণালয় | |
| ৩. | ৬৭ তম সভা | ১৩ মার্চ ২০২৫ | ড. ফারহিনা আহমেদ<br>সচিব<br>পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | ০৭টি |
| ৪. | ৬৮ তম সভা | ২৩ মার্চ ২০২৫ | ড. ফারহিনা আহমেদ<br>সচিব<br>পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | ১০টি |
| ৫. | ৬৯ তম সভা | ২৮ মে ২০২৫ | ড. ফারহিনা আহমেদ<br>সচিব<br>পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | ০৮টি |

**২০২৪-২৫অর্থবছরে অনুষ্ঠিত ট্রাস্টি বোর্ড সভার বিবরণঃ**

| **ক্র.নং** | **সভা নং** | **সভার তারিখ** | **সভাপতি** | **অনুমোদিত নতুন প্রকল্প সংখ্যা** |
|---|---|---|---|---|
| ১. | ৬১তম সভা | ০৯ অক্টোবর ২০২৪ | সৈয়দা রিজওয়ানা হাসান, মাননীয় উপদেষ্টা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | ০৭টি |
| ২. | ৬২তম সভা | ২৭ মার্চ ২০২৫ | সৈয়দা রিজওয়ানা হাসান, মাননীয় উপদেষ্টা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | ২৮টি |
| ২. | ৬৩তম সভা | ০২ জুন ২০২৫ | সৈয়দা রিজওয়ানা হাসান, মাননীয় উপদেষ্টা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | ০৬টি |

**৩.৯.২ অনুমোদিত প্রকল্পের বিবরণ:** ট্রাস্টি বোর্ড কর্তৃক জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে ২০২৪-২৫ অর্থবছরে ৩৬২.৪৬৮৮ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে ৪১টি প্রকল্প বাস্তবায়নের জন্য অনুমোদন করা হয় **(পরিশিষ্ট-৪)।** অনুমোদিত প্রকল্পসমূহ ১৩টি মন্ত্রণালয়ের অন্তর্ভুক্ত। প্রকল্পসমুহের মধ্যে সর্বাধিক পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়- ৯টি ও ৯১.১৪৪৯ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। গবেষণা ও জ্ঞান ব্যবস্থাপনা থিমেটিক এরিয়ায় ১৬টি প্রকল্প গ্রহণ করা হয়েছে।


৩.৯.৩ সরকারের রাজস্ব বাজেট হতে ২০০৯-১০ অর্থবছর থেকে শুরু করে ২০২৪-২০২৫ অর্থবছর পর্যন্ত জলবায়ু পরিবর্তন ট্রাস্ট তহবিলে সর্বমোট ৪০৫১.৭১৯৪৭কোটি (চার হাজার একান্ন কোটি একাত্তর লক্ষ চুরানব্বই হাজার সাতশত) টাকা (৪৯৫.০ মিলিয়ন মার্কিন ডলার) বরাদ্দ প্রদান করা হয়েছে। জলবায়ু পরিবর্তন ট্রাস্ট তহবিলে বরাদ্দকৃত অর্থ এবং তহবিল হতে প্রাপ্ত সুদ দ্বারা জুন, ২০২৫ পর্যন্ত প্রায় ৩৬৬৯.০৬৩২ কোটি (তিন হাজার ছয়শত উনসত্তর কোটি ছয় লক্ষ বত্রিশ হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে সরকারি-৮৫৬টি এবং বেসরকারী-৬১টি সর্বমোট ৯১৭ (নয়শত সতের) টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। গৃহীত প্রকল্পের মধ্যে জুন, ২০২৩ পর্যন্ত সরকারি ৫৪৫টি এবং বেসরকারী ৫৭টি সর্বমোট ৬০২টি প্রকল্প সমাপ্ত হয়েছে। সরকারি (৮৫৬-৫৪৫)=৩১১টি প্রকল্প চলমান রয়েছে। অনুমোদিত প্রকল্পসমূহ জেলা ও উপজেলা পর্যায়ে বাস্তবায়ন করা হচ্ছে।

## ৩.১০ ২০২৪-২৫ অর্থবছরে গৃহীত প্রকল্পের মন্ত্রণালয়ভিত্তিক প্রকল্পঃ

২০২৪-২৫ অর্থবছরে অনুমোদিত ১৩টি মন্ত্রণালয়ের মোট ৪১টি প্রকল্প রয়েছে। প্রকল্পসমুহের মধ্যে উল্লেখ্যযোগ্য মন্ত্রণালয় হচ্ছে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়- ৯টি ও ৯১.১৪৪৯ কোটি টাকা, পানিসম্পদ মন্ত্রণালয়

০৭টি ও ৭৩.৯৭৬৬ কোটি টাকা, শিক্ষা মন্ত্রণালয়ের ০৫টি ও ১৪.১২১৫ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। নিম্নে মন্ত্রণালয় ভিত্তিক বিবরণ তুলে ধরা হলো:

| ক্র:নং | মন্ত্রণালয়ের নাম | প্রকল্প সংখ্যা (টি) | অনুমোদিত ব্যয় (কোটি টাকায়) |
|---|---|---|---|
| ১ | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | ৪ | ৩৭.৯৮৩০ |
| ২ | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | ৯ | ৯১.১৪৪৯ |
| ৩ | শিক্ষা মন্ত্রণালয় | ৫ | ১৪.১২১৫ |
| ৪ | জনপ্রশাসন মন্ত্রণালয় | ২ | ১৯.৪৬০০ |
| ৫ | পানিসম্পদ মন্ত্রণালয় | ৭ | ৭৩.৯৭৬৬ |
| ৬ | কৃষি মন্ত্রণালয় | ৪ | ৪১.৫০০০ |
| ৭ | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | ১ | ৭.৫৮১৩ |
| ৮ | শিল্প মন্ত্রণালয় | ১ | ১০.০০০০ |
| ৯ | মৎস্য ও প্রাণীসম্পদ মন্ত্রণালয় | ৩ | ১৭.৯৪২৭ |
| ১০ | বস্ত্র ও পাট মন্ত্রণালয় | ২ | ২৫.০০০০ |
| ১১ | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | ১ | ৪.৯৭৫০ |
| ১২ | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | ১ | ৪.৯২০৭ |
| ১৩ | নৌ-পরিবহন মন্ত্রণালয় | ১ | ১৩.৮৬৩১ |
| | সর্বমোট= | ৪১ | ৩৬২.৪৬৮৮ |





## ৩.১১ ২০২৪-২৫ অর্থ বছরে গৃহীত প্রকল্পের থিমেটিক এরিয়া ভিত্তিক প্রকল্পঃ

বাংলাদেশ জলবায়ু পরিবর্তন কৌশল ও কর্মপরিকল্পনা ২০০৯ (বিসিসিএসএপি-২০০৯) এ ৬টি থিমেটিক এরিয়া রয়েছে। উক্ত ৬টি থিমেটিক এরিয়ার আওতায় প্রকল্প গ্রহণ করা হয়। ২০২৪-২৫অর্থবছরে ৬টি থিমেটিক এরিয়ার মধ্যে ০৫টিতে প্রকল্প গ্রহণ করা হয়েছে। সর্বাধিক গবেষণা ও জ্ঞান ব্যবস্থাপনা থিমেটিক এরিয়ায় ১৬টি প্রকল্প গ্রহণ করা

হয়েছে। দ্বিতীয় সর্বোচ্চ অবকাঠামো খাতে ১০টি প্রকল্প এবং প্রশমন ও কম কার্বন নিঃসরণ থিমেটিক এরিয়ায় ৯টি প্রকল্প গ্রহণ করা হয়েছে যার বিন্যাস নিম্নরূপ;

| ক্র. নং | থিমেটিক এরিয়া | অনুমোদিত প্রকল্প সংখ্যা (টি) | অনুমোদিত ব্যয় (কোটি টাকায়) |
|---|---|---|---|
| ১ | খাদ্য নিরাপত্তা, সামাজিক সুরক্ষা ও স্বাস্থ্য | ৪.০০ | ৩০.৯২৭৭ |
| ২ | সমন্বিত দুর্যোগ ব্যবস্থাপনা | ০.০০ | ০.০০০০ |
| ৩ | অবকাঠামো | ১০.০০ | ১০৮.৫১৭৩ |
| ৪ | গবেষণা ও জ্ঞান ব্যবস্থাপনা | ১৬.০০ | ১০৪.০৩৭৮ |
| ৫ | প্রশমন ও কম কার্বন নিঃসরণ | ৯.০০ | ৯৯.১১৯৩ |
| ৬ | সক্ষমতা বৃদ্ধি ও প্রাতিষ্ঠানিক দক্ষতা জোরদারকরণ | ২.০০ | ১৯.৮৬৬১ |
| | সর্বমোট= | ৪১.০০ | ৩৬২.৪৬৮২ |





## ৩.১২ ২০২৪-২৫ অর্থবছরে গৃহীত প্রকল্পের বিভাগ ভিত্তিক প্রকল্পের তালিকা:

২০২৪-২৫অর্থবছরে ট্রাস্টি বোর্ড কর্তৃক অনুমোদিত ৪১টি প্রকল্পের মধ্যে একাধিক বিভাগ অন্তর্ভুক্ত রয়েছে এমন সর্বাধিক ১৫টি প্রকল্প রয়েছে যার প্রাক্কলিত ব্যয় ১০৯.৮০৭৪ কোটি টাকা। প্রকল্পসমুহের মধ্যে গবেষণা প্রকল্প রয়েছে। দ্বিতীয় সর্বোচ্চ ঢাকা বিভাগে ১২টি প্রকল্পে ১৩০.৩৯৭৫ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে এবং তৃতীয় সর্বোচ্চ চট্রগ্রাম বিভাগে ৮টি প্রকল্পে ৬৭.৫০৫৮ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। এছাড়াও খুলনা বিভাগে ০৩টি, বরিশাল বিভাগে ০১টি এবং ময়মনসিংহ বিভাগে ০১টি প্রকল্প অনুমোদন করা হয়েছে যার বিবরণ নিম্নরূপ;

২০২৪-২৫অর্থবছরে গৃহীত প্রকল্পের বিভাগ ভিত্তিক প্রকল্পের তালিকা

| ক্র. নং | বিভাগের নাম | অনুমোদিত প্রকল্প সংখ্যা (টি) | অনুমোদিত ব্যয় (কোটি টাকায়) |
|---|---|---|---|
| ১ | ঢাকা | ১২ | ১৩০.৩৯৭৫ |
| ২ | চট্টগ্রাম | ৮ | ৬৭.৫০৫৮ |
| ৩ | বরিশাল | ১ | ১৩.৮৬৩১ |
| ৪ | খুলনা | ৩ | ২৪.৯৪৫১ |
| ৫ | রাজশাহী | ০ | ০.০০০০ |
| ৬ | রংপুর | ১ | ১৪.৭০০০ |
| ৭ | সিলেট | ০ | ০.০০০০ |
| ৮ | ময়মনসিংহ | ১ | ১.২৪৯৯ |
| ৯ | একাধিক বিভাগ | ১৫ | ১০৯.৮০৭৪ |
| | মোট | ৪১ | ৩৬২.৪৬৮৮ |




## ৩.১৩ প্রকল্প কার্যক্রম পরিদর্শন ও মূল্যায়ন সংক্রান্তঃ

৩.১৩.১ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের আওতায় সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত সংস্থার প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন, সংশোধন, বাস্তবায়ন, অর্থ অবমুক্তি এবং ব্যবহার নীতিমালা (সংশোধিত, ২০২৪) এর ধারা ৮ এ বর্ণিত বিধান অনুযায়ী জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের প্রকল্পসমূহ পরিবীক্ষণ ও মূল্যায়ন করা হয়ঃ

৮.১ সার্বিক অর্থে বাস্তবায়নকারী মন্ত্রণালয় প্রকল্পের কার্যক্রম মনিটরিং ও মূল্যায়নের দায়িত্বে থাকবে। বাস্তবায়নকারী মন্ত্রণালয় যে পদ্ধতিতে এডিপিভুক্ত প্রকল্প মনিটরিং ও মূল্যায়ন করে থাকে, একই পদ্ধতিতে জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে বাস্তবায়নাধীন প্রকল্প মনিটরিং ও মূল্যায়ন করবে এবং প্রকল্পের কার্যক্রমের অগ্রগতি বিষয়ে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাষ্ট-কে অবহিত করবে।

৮.২ বাস্তবায়নাধীন প্রকল্প মনিটরিং ও মূল্যায়নকালীন সময়ে কোন অনিয়ম পরিলক্ষিত হলে তা যথাশীঘ্র যথাযথ কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করতে হবে।

৮.৩ প্রকল্পের কার্যক্রম অর্থ বিভাগের শর্ত এবং বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টি বোর্ড কর্তৃক অনুমোদিত "সমন্বিত মনিটরিং ও মূল্যায়ন কর্মকৌশল" মোতাবেক বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাষ্ট মনিটরিং ও মূল্যায়নের ব্যবস্থা গ্রহণ করবে।

৮.৪ "সমন্বিত মনিটরিং ও মূল্যায়ন কর্মকৌশল" এর বিধান অনুযায়ী বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাষ্ট প্রচলিত নিয়মে মনিটরিং ও মূল্যায়নের পাশাপাশি ডিজিটাল পদ্ধতিতে প্রকল্পের মনিটরিং ও মূল্যায়ন কার্যক্রম চালু করবে। উক্ত পদ্ধতিতে সংশ্লিষ্ট প্রকল্পের প্রকল্প পরিচালকগণ প্রকল্পের Key Performance Indicator (KPI) নির্ধারনসহ অন্যান্য সকল তথ্য ও ডাটা বিসিসিটির অনলাইন সিস্টেমে আপলোড করতে পারবে।

৮.৫ প্রয়োজনে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় বা Outsourcing এর মাধ্যমে মনিটরিং ও মূল্যায়ন করা যাবে।

৮.৬ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে বাস্তবায়নাধীন প্রকল্পের প্রকল্প এলাকায় স্থায়ী নামফলক/সাইনবোর্ড স্থাপন করতে হবে। একাধিক প্যাকেজের ক্ষেত্রে সম্ভব হলে সকল অংশে অথবা দৃষ্টিগ্রাহ্য ও সুবিধাজনক স্থানে নামফলক/সাইনবোর্ড স্থাপন করতে হবে। গবেষণাধর্মী প্রকল্পের ক্ষেত্রে প্রকল্প পরিচালকের কার্যালয়ে এ নামফলক/সাইনবোর্ড স্থাপন করতে হবে।

৮.৭ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে বাস্তবায়িত ও বাস্তবায়নাধীন প্রকল্পের কার্যক্রম সংশ্লিষ্ট বাস্তবায়নকারী মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, আইএমইডি ও বিসিসিটি'র কর্মকর্তাগণ নিয়মিত পরিদর্শন করতে পারবেন।

**৩.১৩.২ পরিবীক্ষণ ছক মোতাবেক প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাঃ** প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট কর্তৃক আইএমইডি র সাথে সামঞ্জস্য রেখে'পরিবীক্ষণ ছক প্রণয়ন করা হয়েছে। প্রণয়নকৃত নির্ধারিত ছকের মাধ্যমে প্রতিমাসে প্রকল্প বাস্তবায়ন সংশ্লিষ্ট তথ্যাদি প্রকল্প পরিচালকদের নিকট হতে সংগ্রহ করততা পর্যালোচনা করা হয় :। অধিকন্তু ট্রাস্টের কর্মকর্তাগণ প্রকল্প পরিদর্শনকালে প্রণীত চেক লিস্ট অনুযায়ী প্রকল্প কার্যক্রম পর্যবেক্ষণ করে নির্ধারিত ছকে পরিদর্শন প্রতিবেদন দাখিল করে। এছাড়াও কোন প্রকল্পের বাস্তবায়ন সংশ্রবে সংবাদ মাধ্যমে বা লিখিত/মৌখিক অভিযোগের ভিত্তিতে বা অন্য কোন ভাবে কোন অভিযোগ পাওয়া গেলে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট হতে সে বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহন করা হয়।

**৩.১৩.৩ বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের কর্মকর্তা/টিম কর্তৃক পরিবীক্ষণ:** বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট হতে ট্রাস্টের কর্মকর্তা দ্বারা প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম সরেজমিনে পরিদর্শনের করা হয়। স্বস্ব- এলাকার বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ প্রকল্পের অনুকূলে প্রতিটি অর্থ ছাড়ের পূর্বে বিশেষ করে ২য়/৩য় কিস্তির এবং প্রকল্পের মূল অঙ্গের কাজ শুরুকালীন সময়ে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের কর্মকর্তাগন কর্তৃক প্রকল্পের কার্যক্রম নিয়মিত পরিবীক্ষণ করেন। তৎপ্রেক্ষিতে পরিদর্শনকারী কর্মকর্তাগনের সুপারিশের ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্হা গ্রহন করা হয়। এছাড়াও প্রয়োজনে জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে গৃহীত প্রকল্পসমূহ সরেজমিনে পরিদর্শন/মনিটরিং এর নিমিত্তে স্থানীয় জেলা উপজেলা প্রশাসনের মাধ্যমে কিছু প্রকল্প পরিদর্শন/মনিটরিং এর বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহন করা হয়।

**৩.১৩.৪** বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে বিভিন্ন সরকারী প্রতিষ্ঠান কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ পরিবীক্ষণ করার লক্ষ্যে অত্র ট্রাস্ট ও মন্ত্রনালয়ের কর্মকর্তা কর্তৃক গত ২০২৪-২০২৫ অর্থবছরে মোট ১০৭টি প্রকল্পের কার্যক্রম সরেজমিনে পরিবীক্ষণ করা হয়েছে। নিম্নে ২০২৪-২০২৫ অর্থবছরে মোট ১২ মাসে পরিবীক্ষণকৃত প্রকল্পের সংখ্যা উল্লেখ করা হল।

| ক্রমিক নং | পরিবীক্ষণকৃত মাস | পরিবীক্ষণকৃত প্রকল্প সংখ্যা |
|---|---|---|
| ১ | জুলাই, ২০২৪ | ৪টি |
| ২ | আগষ্ট, ২০২৪ | ২টি |
| ৩ | সেপ্টেম্বর, ২০২৪ | ১৫টি |
| ০৪ | অক্টোবর, ২০২৪ | ১১টি |

| | | |
|---|---|---|
| ০৫ | নভেম্বর, ২০২৪ | ১৫টি |
| ০৬ | ডিসেম্বর-২০২৪ | ১৫টি |
| ০৭ | জানুয়ারী-২০২৫ | ০৫টি |
| ০৮ | ফেব্রুয়ারী-২০২৫ | ০৪টি |
| ০৯ | মার্চ-২০২৫ | ০৪টি |
| ১০ | এপ্রিল-২০২৫ | ১৭টি |
| ১১ | মে-২০২৫ | ১০টি |
| ১২ | জুন-২০২৫ | ০৫টি |
| | | মোট =১০৭টি |

৩.১৩.৫ **প্রকল্প বাস্তবায়ন পর্যালোচনার জন্য সভা অনুষ্ঠানঃ** প্রকল্প পরিচালক এবং বাস্তবায়নকারী সংস্থা ও মন্ত্রণালয়ের প্রতিনিধিদের সমন্বয়ে নিয়মিত সভা করে চলমান প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। ২০২৪-২০২৫ অর্থ বছরে মোট ০৪ টি সভা করা হয়। প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম নিবিড়ভাবে মনিটরিং করার জন্য অনেক ক্ষেত্রে এসব সভা বাস্তবায়নকারী মন্ত্রণালয় ভিত্তিক এবং এলাকা ভিত্তিক মাঠ পর্যায়েও আয়োজন করা হয়।

জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য অত্র ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে প্রকল্প পরিচালক এবং প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা ও মন্ত্রণালয়ের প্রতিনিধির সমন্বয়ে ২০২৪-২০২৫ অর্থ বছরে অনুষ্ঠিত সভার বিবরণঃ

| সভার তারিখ | বিভাগ | স্থান | সভার সভাপতি |
|---|---|---|---|
| ১৮.০৯.২০২৪ | ময়মনসিংহ | বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের সভা কক্ষ | জনাব মো: রফিকুল ইসলাম<br>ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)<br>বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট |
| ১৭.১০.২০২৪ | সিলেট | জেলা প্রশাসনের সম্মেলন কক্ষ, সিলেট | জনাব মো: রফিকুল ইসলাম<br>ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)<br>বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট |
| ২১.০৫.২০২৫ | রাজশাহী | বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের সভা কক্ষ | গাজী মোঃ ওয়ালি-উল-হক<br>ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)<br>বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট |
| ৩০.০৬.২০২৫ | সিলটে ও ময়মনসিংহ | বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের সভা কক্ষ | গাজী মোঃ ওয়ালি-উল-হক<br>ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)<br>বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট |

৩.১৩.৬ **স্থানীয় জেলা/উপজেলা প্রশাসনের মাধ্যমে প্রকল্প মনিটরিং:** জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে গৃহীত প্রকল্পসমূহ স্থানীয় জেলাউপজেলা প্রশাসনের মাধ্যমে সরেজমিনে পরিদর্শন//মনিটরিং করা হয় এবং তাঁদের পরিদর্শন প্রতিবেদনে বর্ণিত পর্যবেক্ষণ/বিশ্লেষণ/সুপারিশ/মতামত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে বিবেচনায় নিয়ে কার্যকরি ব্যবস্থা গ্রহণ করা হয়।

৩.১৩.৭ **মনিটরিং এর ভিত্তিতে গৃহীত ব্যবস্থাঃ** বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের মনিটরিং কর্মকর্তাগণ কর্তৃক দাখিলকৃত প্রকল্প পরিদর্শন প্রতিবেদনের সুপরিশসমূহ বাস্তবায়নকারী সংস্থাকে প্রেরণ করা হয় এবং সুপারিশ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে অত্র ট্রাস্টকে অবহিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। পাশাপাশি স্থনীয় জেলা/উপজেলা প্রশাসন কর্তৃক প্রেরিত প্রকল্প পরিদর্শন প্রতিবেদনসমূহও পর্যালোচনা করে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া হয়। এছাড়াও প্রকল্প পরিচালকদের নিকট হতে প্রাপ্ত প্রকল্প বাস্তবায়ন অগ্রগতির মাসিক প্রতিবেদনসমূহও পর্যালোচনা করে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা হয়। জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের প্রকল্পসমূহ যথাযথ বাস্তবায়ন নিশ্চিতকল্পে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট হতে সম্ভাব্য সকল পদক্ষেপ কার্যকরভাবে গ্রহণ করা হয়। প্রকল্প মনিটরিং এর ভিত্তিতে ২০২৪-২৫ অর্থবছরে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট হতে যে সব পদক্ষেপ গ্রহণ করা হয়েছ তার মধ্যে উল্লেখযোগ্য হচ্ছেঃ

- বাস্তবায়নাধীন সকল প্রকল্পের প্রকল্প পরিচালক-কে প্রকল্পের অনুমোদিত ডিজাইন/প্রাক্কলন/প্রকল্প মেয়াদের মধ্যে সকল কাজ সমাপ্ত করার জন্য পত্র দেওয়া হয়।
- ধীরগতি সম্পন্ন প্রকল্পসমূহের বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করার জন্য সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকদের প্রয়োজনীয় পরামশ্/নির্দেশনা প্রদান করা হয়েছে।
- সমস্যাযুক্ত প্রকল্পসমূহে বিদ্যমান সমস্যা নিরসনে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকদের প্রয়োজনীয় পরামর্শ/নির্দেশনা প্রদান করা হয়েছে।
- বিসিসিটি কর্তৃক প্রণীত নমুনা অনুযায়ী স্থায়ী সাইনবোর্ড স্থাপন করে তা ছবিসহ অত্র ট্রাস্টে প্রেরণ করার জন্য প্রকল্প পরিচালককে নির্দেশনা প্রদান করা হয়।
- প্রকল্পের কাজ চলাকালীন ভিডিও চিত্র ও স্থির চিত্র অত্র ট্রাস্টে প্রেরণ করার জন্য প্রকল্প পরিচালককে নির্দেশনা প্রদান করা হয়।

**৩.১৩.৮ সমাপ্ত প্রকল্প মূল্যায়নঃ**

✓ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে গৃহীত প্রকল্পসমূহের মধ্যে ২০২৪-২৫ অর্থবছরে মোট ৫৩টি সরকারী প্রকল্প সমাপ্ত হয়েছে **(পরিশিষ্ট-4)** যার মধ্যে ১৭টি প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন পাওয়া গিয়েছে। অবশিষ্ট প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন দাখিল করার জন্য পত্র দেওয়া হয়েছে।

✓ জলবায়ু পরিবর্তন বিষয়ক ট্রাস্টি বোর্ডের ৪১ তম সভায় অনুমোদনক্রমে জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে বাস্তবায়িত ২৭ টি প্রকল্প (২১ টি সরকারী সংস্থা ও ৭ টি বেসরকারী সংস্থা) মূল্যায়নের জন্য বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস) কে দায়িত্ব প্রদান করা হয়। যার চূড়ান্ত মূল্যায়ন প্রতিবেদন দাখিল করা হয়েছে।

✓ জলবায়ু পরিবর্তন বিষয়ক ট্রাস্টি বোর্ডের ৫৪ তম সভায় জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে বিভিন্ন সরকারী সংস্থা কর্তৃক বাস্তবায়িত আরও ৪৫টি প্রকল্প Outsourcing এর মাধ্যমে মূল্যায়নের জন্য ট্রাস্টি বোর্ড কর্তৃক অনুমোদিত হয়। সে প্রেক্ষিতে ৪৫টি প্রকল্পের মূল্যায়ন কাজ সমাপ্ত হয়েছে।

✓ জলবায়ু পরিবর্তন বিষয়ক ট্রাস্টি বোর্ডের ৫৭-তম সভায় জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে বিভিন্ন সরকারী সংস্থা কর্তৃক বাস্তবায়িত আরও ৯০টি প্রকল্প Outsourcing এর মাধ্যমে মূল্যায়নের জন্য ট্রাস্টি বোর্ড কর্তৃক অনুমোদিত হয়। তৎপ্রেক্ষিতে Outsourcing এর মাধ্যমে পরামর্শক প্রতিষ্ঠান নির্বাচন করা হয়েছে। বর্তমানে মূল্যায়ন সম্পর্কিত কার্যক্রম চলমান রয়েছে।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়**
**বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট**
**(প্রশাসন ও অর্থ শাখা)**
**পুরাতন বন ভবন, ১০১, মহাখালী, ঢাকা-১২১২**
**www.bcct.gov.bd**

স্মারক নং-২২.০৬.০০০০.১১২.১৬.১০৫.২০২৪-১৬৩ তারিখঃ২৮/১০/২০২৫খ্রি:

**অফিস আদেশ**

বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের বার্ষিক প্রতিবেদন প্রণয়নের লক্ষ্যে নিম্নরূপভাবে কমিটি গঠন করা হলোঃ

| ক্র: নং | নাম/পদবী | মন্তব্য |
|---|---|---|
| ১ | সচিব, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট | আহ্বায়ক |
| ২ | সহকারী পরিচালক (পরিবীক্ষণ-২), বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট | সদস্য |
| ৩ | সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট | সদস্য |
| ৪ | সহকারী পরিচালক (প্রশমন), বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট | সদস্য |
| ৫ | সহকারী পরিচালক (উন্নয়ন), বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট | সদস্য সচিব |

**কমিটির কর্মপরিধিঃ**

০১। কমিটি প্রতিবছর জুলাই মাসে তথ্য সংগ্রহ করে বার্ষিক প্রতিবেদনের খসড়া প্রণয়নপূর্বক ২৫শে জুলাই বা তার পরবর্তী কার্যদিবসে ব্যবস্থাপনা পরিচালক বরাবর দাখিল করবে;

০২। কমিটি প্রতিবছর ৩১শে জুলাই বা ৩১শে জুলাই সরকারি বন্ধ থাকলে তার পূর্ববর্তী কার্যদিবসের মধ্যে ওয়েবসাইটে বার্ষিক প্রতিবেদনটি আপলোড করা নিশ্চিত করবে;

০৩। কমিটি বার্ষিক প্রতিবেদন প্রতিবছর সেপ্টেম্বর মাসের ১৫ তারিখ বা তার পরবর্তী কার্যদিবসের মধ্যে বার্ষিক প্রতিবেদন প্রকাশের জন্য দায়ী থাকবে।

২। জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
(গাজী মোঃ ওয়ালি-উল-হক)
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)
বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট
ফোনঃ ০২২২২২৯০৯৫৯

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সচিব, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট।
২। সহকারী পরিচালক (উন্নয়ন), বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট।
৩। সহকারী পরিচালক (পরিবীক্ষণ-২), বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট।
৪। সহকারী পরিচালক (প্রশমন), বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট।
৫। সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট।

অনুলিপিঃ

১। ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব) মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট।

**জলবায়ু পরিবর্তন ট্রাস্ট আইন, ২০১০ এর ধারা ১২ অনুযায়ী কারিগরি কমিটির গঠন নিম্নরুপ;**

| | | |
|---|---|---|
| ১ | সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | আহবায়ক |
| ২ | যুগ্ম সচিব (পরিবেশ), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | সদস্য |
| ৩ | যুগ্ম সচিব (উন্নয়ন), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | সদস্য |
| ৪ | সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উক্ত মন্ত্রণালয়ের জলবায়ু পরিবর্তন সেল এর প্রতিনিধি বা ফোকাল পয়েন্ট | সদস্য |
| ৫ | সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উক্ত মন্ত্রণালয়ের পরিকল্পনা উইং এর প্রতিনিধি | সদস্য |
| ৬ | পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টরের প্রতিনিধি | সদস্য |
| ৭ | পরিবেশ অধিদপ্তরের এর দুইজন বিশেষজ্ঞ প্রতিনিধি (পরিচালক, কারিগরি) | সদস্য |
| ৮<br>৯ | সরকার কর্তৃক মনোনীত জলবায়ু পরিবর্তন বিষয়ক প্রকল্প বিষয়ে সংশ্লিষ্ট সামাজিক প্রতিষ্ঠান/এনজিও/ বিশেষজ্ঞ - এর ২ জন প্রতিনিধি | সদস্য |
| ১০ | Centre for Environmental and Geogrphic information Services এর একজন প্রতিনিধি | সদস্য |
| ১১ | বন বিভাগের একজন প্রতিনিধি | সদস্য |
| ১২ | উপ-সচিব (পরিবেশ-১), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | সদস্য সচিব |

**পরিশিষ্ট-৩**

**জলবায়ু পরিবর্তন ট্রাস্ট আইন, ২০১০ এর ধারা ৯ অনুযায়ী ট্রাস্টি বোর্ড এর গঠন নিম্নরুপ;**

| | | |
|---|---|---|
| ১ | মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | চেয়ারম্যান |
| ২ | অর্থ মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী বা প্রতিমন্ত্রী | সদস্য |
| ৩ | কৃষি মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী বা প্রতিমন্ত্রী | সদস্য |
| ৪ | পানিসম্পদ মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী বা প্রতিমন্ত্রী | সদস্য |
| ৫ | খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী বা প্রতিমন্ত্রী | সদস্য |
| ৬ | পররাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী বা প্রতিমন্ত্রী | সদস্য |
| ৭ | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী বা প্রতিমন্ত্রী | সদস্য |
| ৮ | নৌ-পরিবহন মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী বা প্রতিমন্ত্রী | সদস্য |
| ৯ | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী বা প্রতিমন্ত্রী | সদস্য |
| ১০ | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী বা প্রতিমন্ত্রী | সদস্য |
| ১১ | মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ | সদস্য |
| ১২ | গভর্ণর, বাংলাদেশ ব্যাংক | সদস্য |
| ১৩ | সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | সদস্য |
| ১৪ | সদস্য,কৃষি, পানি ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন | সদস্য |
| ১৫ | সরকার কর্তৃক মনোনীত জলবায়ু পরিবর্তন বিষয়ক ২ জন বিশেষজ্ঞ | সদস্য |
| ১৬ | সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের | সদস্য সচিব |

পরিশিষ্ট-৪

**২০২৪-২৫ অর্থবছরে অনুমোদিত মোট ৪১টি নতুন প্রকল্পের তালিকাঃ**

| ক্র:ম | প্রকল্প আইডি | প্রকল্পের নাম | প্রশাসনিক মন্ত্রণালয় | বাস্তবায়নকারী সংস্থা | প্রাক্কলিত ব্যয় (কোটি টাকায়) |
|---|---|---|---|---|---|
| ১ | ৯৩৯ | ”বাংলাদেশে তৃতীয় জাতীয়ভাবে নির্ধারিত অবদান(NDC৩.০)এবং দীর্ঘমেয়াদী নিম্ন নির্গমন উন্নয়ন কৌশল(LT-LEDS) প্রনয়ণ” | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | পরিবেশ অধিদপ্তর | ৩৯৭.০০ |
| ২ | ৯৪০ | নদী ভাঙ্গন প্রবণ এলাকায় জলবায়ু পরিবর্তন মোকাবেলায় নারীর অভিযোজন সক্ষমতা সৃষ্টি | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তর | ৭৫৮.১৩ |
| ৩ | ৯৪১ | জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব মোকাবেলায় গ্রীন হাউজ গ্যাস নি:সরণ কমানোর লক্ষ্যে পায়রা বন্দরে টার্মিনাল এলাকার Container Freight Station (CFS) সেড, ওয়ার্কশপ এবং সাব-স্টেশনের ছাদের উপর সৌর প্যানেল স্থাপনের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন | নৌ-পরিবহন মন্ত্রণালয় | পায়রা বন্দর কর্তৃপক্ষ | ১,৩৮৬.৩১ |
| ৪ | ৯৪২ | বাংলাদেশের উপকূলীয় ম্যানগ্রোভ এবং টাইডাল সল্টমার্স ইকোসিস্টমের ব্লু কার্বন স্টক মূল্যায়ন এবং জলবায়ু পরিবর্তনের প্রতিক্রিয়া মূল্যায়ন | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট (বিওআরআই) | ৪৯৭.৫০ |
| ৫ | ৯৪৩ | জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট কর্তৃক প্রস্তাবিত “বাংলাদেশের জলবায়ু সহনশীলতা অর্জনে গণমাধ্যমের সক্ষমতা বৃদ্ধি | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট (নিমকো) | ৪৯২.০৭ |
| ৬ | ৯৪৪ | ধলেশ্বরী রক্ষা: বিসিক চামড়া শিল্পনগরীর ট্যানারি বর্জ্য লিচিং থেকে পানি এবং মাটি দূষণ প্রতিরোধ | শিল্প মন্ত্রণালয় | বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন | ১,০০০.০০ |
| ৭ | ৯৪৫ | জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় ঘোড়াশাল পৌর এলাকায় বর্জ্য ব্যবস্থাপনা ও পরিবেশ উন্নয়ন | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | ঘোড়াশাল পৌরসভা | ৪৯৯.৮০ |
| ৮ | ৯৪৬ | “জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে নারায়ণগঞ্জ জেলার সদর উপজেলাধীন ডিএনডি প্রকল্প এলাকার ৫টি খালে তীর প্রতিরক্ষা, ওয়াকওয়ে নির্মাণ এবং বনায়ন” | পানিসম্পদ মন্ত্রণালয় | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | ৯৩৫.০০ |
| ৯ | ৯৪৭ | ‘‘জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় গাজীপুর সিটি কর্পোরেশন এলাকায় গাছা খালের উন্নয়ন, সৌন্দর্যবর্ধন ও পরিবেশ সংরক্ষণমূলক কাজ’’ | পানিসম্পদ মন্ত্রণালয় | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | ৮৪৫.০০ |
| ১০ | ৯৪৮ | জলবায়ু পরিবর্তন মোকাবেলায় গাজীপুর জেলার শ্রীপুর ও গাজীপুর সদর উপজেলাস্থ লবণদহ নদীর উন্নয়ন, সৌন্দর্যবর্ধন ও পরিবেশ সংরক্ষণমূলক কাজ” | পানিসম্পদ মন্ত্রণালয় | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | ১,৪৫০.০০ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১১ | ৯৪৯ | "জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবেলায় সাশ্রয়ী কোল্ড স্টোরেজ প্রযুক্তি সম্প্রসারণের মাধ্যমে কৃষকের আয় বৃদ্ধি" | কৃষি মন্ত্রণালয় | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | ১,২০০.০০ |
| ১২ | ৯৫০ | "বাংলাদেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে দূর্যোগ প্রশমনে তাল, ম্যানগ্রোভ ও স্ট্রীপ বনায়ন" | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | বন অধিদপ্তর | ৯৯৪.৫১ |
| ১৩ | ৯৫১ | "জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবেলায় রাঙ্গামাটি পার্বত্য জেলার দুর্গম পাহাড়ী এলাকায় নিরাপদ সুপেয় পানি সরবরাহের জন্য পরিবেশ বান্ধব সৌর বিদ্যুৎ চালিত গভীর নলকূপ স্থাপন" | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | ১,৪৯৮.৫০ |
| ১৪ | ৯৫২ | "ক্রমবর্ধমান জলবায়ু পরিবর্তন সমস্যার সাথে সম্পর্কিত ব্যাকটেরিয়াল এন্টিবায়োটিক রেজিস্ট্যান্স প্যাটার্ন এবং জিনগত ভিত্তি অনুসন্ধানের মাধ্যমে বাংলাদেশের জনগোষ্ঠীর জন্য এন্টিবায়োটিক ও সাপ্লিমেন্টের সমন্বয়ের মাধ্যমে চিকিৎসা কৌশলের উন্নতি সাধন" | শিক্ষা মন্ত্রণালয় | জিন প্রকৌশল ও জীবপ্রযুক্তি বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় | ৬৬১.৬৬ |
| ১৫ | ৯৫৩ | "জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় অভিযোজন কার্যক্রম হিসেবে বান্দরবান পার্বত্য জেলার ক্ষতিগ্রস্ত জনগণের জন্য সুপেয় পানি সরবরাহ" | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | ৫০০.০০ |
| ১৬ | ৯৫৪ | "পরিবেশবান্ধব প্রযুক্তির মাধ্যমে জলবায়ু পরিবর্তন ঝুঁকিতে থাকা চরবাসীর জীবনমান উন্নয়ন" | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | পল্লী উন্নয়ন একাডেমি, বগুড়া | ১,৩০০.০০ |
| ১৭ | ৯৫৫ | "বাংলাদেশে স্থানীয়ভাবে উৎপাদিত বায়োচারের ন্যানো-ফিড ও ন্যানো ফার্টিলাইজার ব্যবহার করে জলবায়ুবান্ধব গবাদিপশু-পাখি ও ফসলের উৎপাদন" | শিক্ষা মন্ত্রণালয় | প্রাণী পুষ্টি বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ | ১২৪.৯৯ |
| ১৮ | ৯৫৬ | "বাংলাদেশের হাওর ইকোসিস্টেমে GHG নির্গমন, কার্বন সিকোয়েস্ট্রেশন মূল্যায়ন এবং জলবায়ু রেজিলিয়েন্ট কৃষি উৎপাদন" | শিক্ষা মন্ত্রণালয় | বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ | ২০৬.৮০ |
| ১৯ | ৯৫৭ | দুগ্ধবতী গাভীর এন্টেরিক মিথেন প্রশমন এবং দুধের উৎপাদন ও গুণগতমান উন্নয়নে একটি পরিবেশ বান্ধব ও টেকসই প্রযুক্তি উদ্ভাবন | শিক্ষা মন্ত্রণালয় | পরজীবীবিদ্যা বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়য়মনসিংহ | ২৯৮.৭০ |
| ২০ | ৯৫৮ | বাংলাদেশের চারটি নির্বাচিত ভৌগলিক হটস্পট এলাকার উদ্ভিদের ফেনোলজি এবং এর উপর জলবায়ু পরিবর্তনের প্রভাব | পানিসম্পদ মন্ত্রণালয় | Center for Environmental and Geographic Information Services (CEGIS) | ২৫০.০০ |
| ২১ | ৯৫৯ | "বাংলাদেশের পেঁয়াজ উৎপাদন এলাকায় পরিবর্তিত জলবায়ুর প্রতিকূল প্রভাব প্রশমনে অংশীদারিত্বের ভিত্তিতে কৃষক পর্যায়ে পেঁয়াজ সংরক্ষণের অভিযোজন" | কৃষি মন্ত্রণালয় | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | ১,২০০.০০ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২২ | ৯৬০ | পরিবর্তিত জলবায়ুতে পেঁয়াজ বীজের সংকট নিরসনে বীজ উৎপাদন প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে মানসম্মত বীজ উৎপাদন ও ফলন বৃদ্ধিকরণ | কৃষি মন্ত্রণালয় | বাংলাদেশ কৃষি গবেষণা ইন্সটিটিউট | ১,১৫০.০০ |
| ২৩ | ৯৬১ | "জলবায়ু পরিবর্তনজনিত ঝুঁকিপূর্ণ এলাকায় কার্বন নি:সরণ হ্রাসকরণ কৃষি প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে ফসল উৎপাদন বৃদ্ধিকরণ" | কৃষি মন্ত্রণালয় | বাংলাদেশ কৃষি গবেষণা ইন্সটিটিউট | ৬০০.০০ |
| ২৪ | ৯৬২ | "দেশজুড়ে জলবায়ু পরিবর্তন ও পরিবেশ দূষণ বিষয়ক সচেতনতামূলক প্রচারাভিযান" শীর্ষক প্রকল্প। | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | ১,৪৯৪.৫৪ |
| ২৫ | ৯৬৩ | বাংলাদেশের প্রধান প্রধান শহরগুলি (ঢাকা, চট্রগ্রাম, খুলনা, রাজশাহী এবং সিলেট) এবং শহর সংলগ্ন উপশহর এলাকায় জলবায়ু-সহিষ্ণু একটি সুস্থ ও বাসযোগ্য নগর পরিবেশ উন্নয়নের লক্ষে নদী-পুকুর জলাশয় পুনরুদ্ধার এবং পুনর্বাসন পরিকল্পনা প্রণয়ন | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | পরিবেশ অধিদপ্তর | ৩৭৬.০০ |
| ২৬ | ৯৬৪ | জীব-বৈচিত্র্য সংরক্ষণ এবং জলবায়ু পরিবর্তন অভিযোজন: বাংলাদেশের বনাঞ্চলে বিপন্ন প্রজাতির বন্যপ্রাণী সংরক্ষণ ও রিইন্ট্রোডাকশন, হাতি-মানুষ দ্বন্দ্ব নিরসন" শীর্ষক প্রকল্প। | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | বন অধিদপ্তর | ১,১১৮.১৩ |
| ২৭ | ৯৬৫ | "স্থানীয় জনগোষ্ঠীর অংশগ্রহণে মধুপুরের শালবন পুন:প্রতিষ্ঠা" শীর্ষক প্রকল্প। | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | বন অধিদপ্তর | ১,৩৬৬.৫০ |
| ২৮ | ৯৬৬ | Transforming the IOT-driven 8F-model (Feed, Food, Fuel, Fertilizer) approach for evnvironmentally sustainable livestock production in drought-prone and coastal regions of Bangladesh | মৎস্য ও প্রাণীসম্পদ মন্ত্রণালয় | বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন | ৪০০.০০ |
| ২৯ | ৯৬৭ | জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবেলায় স্মার্ট পানি মান পর্যবেক্ষণ ও বিশুদ্ধকরণ ব্যবস্থার মাধ্যমে উপকূলীয় এলাকার জনগোষ্ঠীর সুপেয় পানির নিরাপত্তা ও জনস্বাস্থ্যের উন্নয়ন। | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট | ৬০০.০০ |
| ৩০ | ৯৬৮ | জলবায়ু পরিবর্তন মোকাবেলায় রংপুর জেলার রংপুর সদর উপজেলাধীন শ্যামাসুন্দরী খাল পুন:খনন, দুষণ রোধ ও বনায়ন কাজ। | পানিসম্পদ মন্ত্রণালয় | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | ১,৪৭০.০০ |
| ৩১ | ৯৬৯ | "জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় ঢাকা মহানগরী ও উপজেলা এলাকার ইজারাবিহীন খাস পুকুর ও জলমহালসমূহের সংস্কার, উন্নয়ন, সৌন্দর্যবর্ধন ও পরিবেশ সংরক্ষণ প্রকল্প (১ম পর্যায়)" শীর্ষক প্রকল্প। | জনপ্রশাসন মন্ত্রণালয় | জেলা প্রশাসন, ঢাকা | ৯৪৬.০০ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৩২ | ৯৭০ | ''জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব মোকাবিলার জন্য কর্পোরেশনের আওতাধীন কাপ্তাই হ্রদ মৎস্য উন্নয়ন ও বিপনন কেন্দ্রে বজ্র নিরোধক যন্ত্র স্থাপন" প্রকল্প। | মৎস্য ও প্রাণীসম্পদ মন্ত্রণালয় | বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন | ৪৯৪.২৭ |
| ৩৩ | ৯৭২ | "কার্বন নি:সরণরোধী পশুখাদ্য উৎপাদনের মাধ্যমে জলবায়ু সহনশীল মহিষ পালন সম্প্রসারণ" শীর্ষক প্রকল্প। | মৎস্য ও প্রাণীসম্পদ মন্ত্রণালয় | প্রাণিসম্পদ অধিদপ্তর | ৯০০.০০ |
| ৩৪ | ৯৭৩ | "জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় পলিথিনের পরিবর্তে পরিবেশ বান্ধব পাটের ব্যবহার বৃদ্ধির নিমিত্ত ঢাকা মহানগরীতে ভর্তুকি মূল্যে পাটের তৈরি বাজারের ব্যাগ সরবরাহ" শীর্ষক প্রকল্প। | বস্ত্র ও পাট মন্ত্রণালয় | পাট অধিদপ্তর | ১,৫০০.০০ |
| ৩৫ | ৯৭৪ | "পূর্বাচল শালবন সংরক্ষণ ও উন্নয়ন" শীর্ষক প্রকল্প। | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | বন অধিদপ্তর | ১,২৯১.৬৬ |
| ৩৬ | ৯৭৫ | "জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় নরসিংদী জেলাধীন সদর ও শিবপুর উপজেলায় প্রবাহিত হাড়িদোয়া নদী পুন:খনন, নদীর তীর সংরক্ষণ, ওয়াকওয়ে নির্মাণ ও পরিবেশ উন্নয়ন" শীর্ষক প্রকল্প। | পানিসম্পদ মন্ত্রণালয় | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | ৯৯৭.৬৬ |
| ৩৭ | ৯৭৬ | জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় পলিথিনের বিকল্প পরিবেশবান্ধব পাটপণ্য ব্যবহারে সচেতনতা বৃদ্ধির নিমিত্ত চট্টগ্রাম মহানগরীতে পাটের তৈরী বাজারের ব্যাগ সরবরাহ। | বস্ত্র ও পাট মন্ত্রণালয় | পাট অধিদপ্তর | ১,০০০.০০ |
| ৩৮ | ৯৭৭ | "জলবায়ু পরিবর্তন মোকাবেলায় গাজীপুর জেলার শ্রীপুর ও গাজীপুর সদর উপজেলাস্থ লবনদহ নদীর উন্নয়ন, সৌন্দর্যবর্ধন ও পরিবেশ সংরক্ষনমূলক কাজ" শীর্ষক প্রকল্প। | পানিসম্পদ মন্ত্রণালয় | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | ১,৪৫০.০০ |
| ৩৯ | ৯৭৮ | বাংলাদেশের অতি বিপন্ন উপকূলীয় জনগোষ্ঠীর দীর্ঘমেয়াদী খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার জন্য জলবায়ু-সহনশীল সর্জন চাষ ব্যবস্থার উন্নয়ন শীর্ষক প্রকল্প। | শিক্ষা মন্ত্রণালয় | মৎস্য ও সামুদ্রিক বিজ্ঞান বিভাগ, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়। | ১২০.০০ |
| ৪০ | ৯৭৯ | কুমিল্লায় জলবায়ু পরিবর্তনজনিত অভিঘাতসহিষ্ণু জলাধার খনন ও সংরক্ষণ। | জনপ্রশাসন মন্ত্রণালয় | জেলা প্রশাসন, কুমিল্লা | ১,০০০.০০ |
| ৪১ | ৯৮০ | স্থানীয় জনগোষ্ঠীর অংশগ্রহণে চুনতি বনাঞ্চল পুনরুদ্ধার প্রকল্প। | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | বন অধিদপ্তর | ১,৪৭৬.১৫ |

ছবি গ্যালারী



গত ০৯/০২/২০২৫ তারিখে ট্রাস্টের নবযোগদানকৃত ব্যবস্থাপনা পরিচালক গাজী মো: ওয়ালি-উল-হক স্যার এর সাথে মতবিনিময়





২০-০২-২০২৫ তারিখে অনুষ্ঠিত কারিগরি সাব কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন কমিটির সভাপতি ও ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক গাজী মো: ওয়ালি-উল-হক।



২৪-০৪-২০২৫ তারিখে অনুষ্ঠিত কারিগরি সাব কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন কমিটির সভাপতি ও ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক গাজী মো: ওয়ালি-উল-হক



**২৩ মার্চ ২০২৫ খ্রি তারিখে অনুষ্ঠিত কারিগরি কমিটির ৬৮তম সভা। সভায় সভাপতি করেন ড. ফারহিনা আহমেদ, সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।**



**২৭ মে ২০২৫ খ্রি তারিখে অনুষ্ঠিত কারিগরি কমিটির ৬৯তম সভা। সভায় সভাপতি করেন ড. ফারহিনা আহমেদ, সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।**




০৯-১০-২০২৪ তারিখে অনুষ্ঠিত জলবায়ু পরিবর্তন ট্রাস্টি বোর্ড এর ৬১তম সভা। সভায় সভাপতি করেন সৈয়দা রিজওয়ানা হাসান, মাননীয় উপদেষ্টা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় ও চেয়ারম্যান, ট্রাস্টি বোর্ড।



২৭-০৩-২০২৫ তারিখে অনুষ্ঠিত জলবায়ু পরিবর্তন ট্রাস্টি বোর্ড এর ৬২তম সভা। সভায় সভাপতি করেন সৈয়দা রিজওয়ানা হাসান, মাননীয় উপদেষ্টা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় ও চেয়ারম্যান, ট্রাস্টি বোর্ড।



**মাসিক সমন্বয় সভা**



**৯০ টি প্রকল্প মূল্যায়নের ইনসেপশন কর্মশালার ছবি**



জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে বাংলাদেশ সেনা বাহিনী কর্তৃক নোয়াখালী জেলার স্বর্ণদ্বীপ (জাহাইজ্জ্যার চর) এলাকায় নবায়নযোগ্য শক্তি নির্ভর ০১ মেগাওয়াট পিক ক্ষমতা সম্পন্ন বিদ্যুৎ কেন্দ্র (পর্ব-০৩) ৮৫ কিলোওয়াট-পিক সিস্টেম স্থাপন" শীর্ষক প্রকল্প।



জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে বাঘা পৌরসভারাজশাহী কর্তৃক , পৌরসভা কার্যালয়ের সামনে স্থাপিত সোলার লাইট



জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে জলবায়ু পরিবর্তনের নেতিবাচক প্রভাব মোকাবেলায় টাঙ্গাইল জেলায় স্কুল রক্ষার্থে নদীর তীর সংরক্ষণ কাজ।



জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে বন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন আলতাদিঘী পুন:খনন ও বনায়ন কার্যক্রম পরিদর্শন






জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “বাংলাদেশের পেঁয়াজ উৎপাদন এলাকায় পরিবর্তিত জলবায়ুর প্রতিকূল প্রভাব প্রশমনে অংশীদারিত্বের ভিত্তিতে কৃষক পর্যায়ে পেঁয়াজ সংরক্ষণের অভিযোজন” শীর্ষক প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করেন ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক গাজী মো: ওয়ালি-উল-হক



জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে বাংলাদেশ সেনা বাহিনী কর্তৃক সাভার সেনা নিবাসে বাস্তবায়নাধীন বর্জ্য ব্যবস্থাপনা প্ল্যান্ট স্থাপন কার্যক্রমের ছবি।

